# নির্বাচনি পরীক্ষার প্রশ্ন-২০১৪: সৃজনশীল


## সকল বোর্ডের শীর্ষস্থানীয় গুরুত্বপূর্ণ স্কুলের ২০১৪ সালের নির্বাচনি পরীক্ষার প্রশ্ন

### ১. কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.▶**




ক. শীল শব্দের অর্থ কী? ১

খ. শীলবান সজ্ঞানে মৃত্যুবরণ করেন কেন? ২

গ. 'ক' ও 'খ' চিহ্নিত ব্যক্তির আচরিত শীলের পার্থক্য নিরূপণ কর। ৩

ঘ. 'ক', 'খ' ও 'গ' চিহ্নিত ব্যক্তির আচরিত শীলগুলো সুখ-শান্তি লাভের জন্য গুরুত্বপূর্ণ কথাটি মূল্যায়ন কর। ৪

**২.▶** শ্রদ্ধেয় শাসনপ্রিয় মহাস্থবির জীবনে জরাব্যধি মৃত্যু উপলব্ধি করে বুদ্ধের নির্দেশিত পথ অনুসরণ করেন। পরবর্তীতে শ্মশানে গিয়ে গভীর সাধনায় ব্রত হন।

ক. পঞ্চস্কন্ধ কী? ১

খ. 'মৃত্যুতেজ্জ দুঃখের শেষ নেই' – ব্যাখ্যা কর। ২

গ. শ্রদ্ধেয় শাসনপ্রিয় মহাস্থবির বুদ্ধের নির্দেশিত যে পথ অনুসরণ করেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পথেই মহাস্থবিরের জীবনের পরম সার্থকতা নিহিত– পাঠ্যবইয়ের আলোকে তা মূল্যায়ন কর। ৪

**৩.▶**

| ছক-১ | ছক-২ |
|---|---|
| অখণ্ড পাথরের নির্মিত বজ্রাসন আছে | বর্তমানে স্থানটি রামাভাড় নামে পরিচিত |
| নৈরঞ্জনা নদীর তীরে অবস্থিত | হিরণ্যবতী নদীর তীরে অবস্থিত |
| মন্দিরের অদূরে মুচলিন্দ হ্রদ আছে | দীর্ঘ ২২ হাত লম্বা শায়িত বুদ্ধমূর্তি আছে |


ক. বুদ্ধ কোথায় প্রথম ধর্ম প্রচার করেন? ১

খ. লুম্বিনী বিখ্যাত হওয়ার প্রধান কারণ কী? ২

গ. ছক– ১ এর বর্ণিত তথ্যগুলোর সাথে কোন মহাতীর্থের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মহাতীর্থ কুশীনগরের বিষয়াবলী ছক– ২ এ বর্ণিত হয়েছে। তুমি কি এ বক্তব্যের সাথে একমত? মতামত দাও। ৪

**৪.▶** নিচের ছকটি দেখ এবং উত্তর দাও:




ক. বুদ্ধের মুখনিঃসৃত বাণীকে কী বলে? ১

খ. সূত্র ও নীতিগাথাসমূহ পাঠ করার কারণ কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ত্রিরত্ন কোন সূত্রের সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মানুষের জীবনে উক্ত সূত্রের প্রভাব ও গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**৫.▶** মনিকা পরীক্ষায় প্রায়ই খারাপ ফলাফল করে। কারণ পরীক্ষার আগে ভালো লেখাপড়া করেনি। তার বাবা বলেন, মানুষ যেমন কর্ম করে তেমন ফল পায়। পরবর্তীতে সে ঠিকমতো লেখাপড়া করে ও ভালো ফলাফল করে।

ক. কর্মের ফল বিবেচনায় কর্মের বিধানকে কয়ভাগে ভাগ করা যায়? ১

খ. কর্মবাদ বলতে কী বোঝায়? ২

গ. কীভাবে মনিকা পরীক্ষায় ভালো ফলাফল করতে সক্ষম হয়? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. কর্মফলের ব্যাখ্যাস্বরূপ পাঠ্যবইয়ের ঐতিহাসিক ঘটনা নিয়ে একটি নাতিদীর্ঘ রচনা লেখ। ৪

**৬.▶** দিলীপ বড়ুয়া একজন গ্রন্থপ্রণেতা। গ্রন্থ রচনার মাধ্যমে ব্যক্তিজীবনে তিনি অনেক সুনাম অর্জন করেন। তার সাহিত্য কর্মের অবদান অনস্বীকার্য। কিন্তু সংসারধর্ম পালনে উদাসীন হওয়ায় তিনি গভীর সাধনা করে প্রব্রজ্যা জীবন গ্রহণ করেন।

ক. কঙ্খাবিতরণী গ্রন্থটি কে রচনা করেন? ১

খ. বৌদ্ধধর্মে অট্ঠকথার গুরত্ব সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ. দিলীপ বড়ুয়ার সাহিত্যিক কর্মকাণ্ডের সাথে পাঠ্যবইয়ের কার কর্মকাণ্ডের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আচার্যের প্রব্রজ্যা লভের কাহিনীটি ধর্মীয় আলোকে মূল্যায়ন কর। ৪

**৭.▶** নবম শ্রেণির ধর্মশিক্ষা ক্লাসে শিক্ষক ছাত্রদের নির্বাণ সম্পর্কে বলেন, নির্বাণ বৌদ্ধদের জন্য পরম আকাঙ্ক্ষিত। বৌদ্ধধর্ম জ্ঞানীর ধর্ম। এজন্যই জ্ঞানী ব্যক্তির নির্বাণ সাধনা করা প্রয়োজন। কারণ, জন্ম-মৃত্যুর পূর্ণ নিরোধই হলো নির্বাণ।

ক. নির্বাণং পরমং সুখং-এর বাংলা অর্থ কী? ১

খ. অনুপাদিসেস নির্বাণ বলতে কী বোঝায়? ২

গ. পাঠ্যবইয়ের আলোকে নির্বাণের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শিক্ষকের সর্বশেষ বক্তব্যটি ধর্মীয় আলোকে বিশ্লেষণ কর। ৪

## ২. চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.** ▶ সুমিতা সমাজসেবী পরিবারের রূপবতী মেয়ে। তিনি যথাসময়ে শিক্ষা সমাপ্ত করেন। তাই সুমিতার পিতা তাকে বিবাহ বন্ধনে আবদ্ধ করতে চেয়েছিলেন। শিক্ষিত ও সকল বিষয়ে পারদর্শী এক যুবকের সাথে বিবাহের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়। তাদের সুখের সংসার জীবন বেশি দিন স্থায়ী হয়নি বরং সুমিতার স্বামী মনের বাসনা পূরণের জন্য বৈরাগ্য জীবন গ্রহণের লক্ষ্যে চলে গেলেন এবং পরম জ্ঞান লাভে ব্রতী হন।

ক. রানি মহামায়া কোন পূর্ণিমায় স্বপ্ন দেখবেন? ১
খ. মহর্ষি কাল দেবল রাজকুমারকে দেখে প্রথমে খুশি হয়ে পরে কেঁদে ফেললেন কেন ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনাটির সাথে পাঠ্যবইয়ের কোন ঘটনার তুলনা করা হয়েছে- ব্যাখ্যা কর। ৩
ঘ. সুমিতার স্বামী তাঁর মনের বাসনা পূরণে গৌতম বুদ্ধকে কিভাবে অনুসরণ করেন তা বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ অভি বাবু ত্রিরত্নের সেবক ছিলেন। তিনি সর্বদা কুশলকর্মে রত থাকতেন, ভিক্ষুদের ধর্মদেশনা খুব শ্রদ্ধার সাথে শ্রবণ করতেন, তিনি জানতে পারলেন, মাগলাভী এক ভিক্ষু গভীর জঙ্গলে ধ্যান করতে যাচ্ছেন। তা শুনে ভিক্ষু পৌছার আগে তিনি সেখানে গিয়ে অনেক কষ্টে জঙ্গল পরিষ্কার করে সুন্দর একটি আসনের ব্যবস্থা করেন এবং বহুদূরে লোকালয়ে গিয়ে পিণ্ডাচরণের সুযোগ করে দিলেন।

ক. বোধি শব্দের অর্থ কি? ১
খ. বোধিসত্ত্বা সাধনা অত্যন্ত দুষ্কর কেন ব্যাখ্যা কর। ২
গ. অভি বাবুর সাথে কোন সাধকের চারিত্রিক বৈশিষ্ট্যের ইঙ্গিত পাওয়া যায়- ব্যাখ্যা কর। ৩
ঘ. অভি বাবু যেকোনো জন্মে শ্রাবক বুদ্ধ হওয়ার যোগ্য- বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ অনিতা দশম শ্রেণির মেধাবী শিক্ষার্থী, যে তার পিতামাতার একমাত্র সন্তান, হঠাৎ সে গাড়ি দুর্ঘটনায় মৃত্যুবরণ করার পর তাদের বাড়িতে বিভিন্ন ধরনের অশুভ আবাস পরিলক্ষিত হয়।

ক. করণীয় মৈত্রী সূত্রের নৈতিক শিক্ষা কি? ১
খ. করণীয় মৈত্রী সূত্রের পটভূমি ব্যাখ্যা কর। ২
গ. উল্লেখিত ঘটনার বিষয় কোন সূত্রের ইঙ্গিত বহন করে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত সূত্র পাঠে ব্যতিরেকে পরিস্থিতি নিরসন সম্ভব নয়' আলোচনা কর। ৪

**৪.** ▶ অমিত তার শিক্ষককে প্রশ্ন করে, পৃথিবীতে বিভিন্ন ধরনের পেশার, বর্ণের মানুষ দেখা যায় কেন? শিক্ষক তাকে বলেন কর্মের কারণেই মানুষের এরকমের অবস্থান মানুষের মধ্যে সব রকম ভিন্নতার মূলে রয়েছে তার কর্ম। কর্মবাদের ব্যাখ্যাস্বরূপ তিনি 'মিলিন্দ প্রশ্ন' নামক গ্রন্থের উদাহরণ দেন।

ক. কর্মবাদ বলতে কি বোঝায়? ১
খ. কিভাবে মানুষ তার কর্মের ফল ভোগ করে ব্যাখ্যা কর। ২
গ. 'মিলিন্দ প্রশ্ন' পড়ে অমিত কিভাবে কর্মবাদ সম্পর্কে সম্যক ধারণা লাভ করবে– বর্ণনা কর। ৩
ঘ. কর্মের নানাত্ব হেতু সকল মানুষ সমান হয় না উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶ সম্রাট সুমন তৃতীয় সংগীতির পর অনেক দেশে ধর্ম প্রচারক প্রেরণ করেন। তিনি ধর্ম প্রচারের জন্য 'ধর্ম মহাপাত্র' নামে বিশেষ শ্রেণির রাজ কর্মচারী ও নিযুক্ত করেন।

ক. তৃতীয় সংগীতি কোথায় অনুষ্ঠিত হয়? ১
খ. তৃতীয় সংগীতি আহ্বানের কারণ ব্যাখ্যা কর। ২
গ. সম্রাট সুমনেরা বিভিন্ন দেশে ধর্ম প্রচারক প্রেরণের তালিকা পাঠ্যপুস্তকের আলোকে তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত তৃতীয় সংগীতির ফলাফল বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶ প্রতিম বাবু একজন পরিশ্রম লোক। তিনি জীবনে বারবার চেষ্টার মাধ্যমে ব্যবসায় সফলতা লাভ করেছেন। বর্তমানে তিনি একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তিনি মনে করেন জীবনে প্রতিষ্ঠিত হতে হলে ক্রমাগত চেষ্টা করে যেতে হবে। তার মতে, অবিরাম সাধনা ছাড়া জীবনের অভিষ্ট লক্ষ্যে পৌঁছানো অসম্ভব।

ক. বিশাখার পিতা বিশাখাকে কয়টি উপদেশ দিয়েছিলেন? ১
খ. বিশাখাকে কেন 'মিগার মাতা' নামে অভিহিত করা হয়? ২
গ. উদ্দীপকে উল্লেখিত চরিত্রের সাথে চরিতমালার কোন চরিত্রগুলোর মিল খুঁজে পাওয়া যায় ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিম বাবুর সর্বশেষ উক্তিটি পাঠ্যবইয়ের বাহিনীর আলোকে বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶ অপিতা বুদ্ধের বাণী সংবলিত বিভিন্ন গ্রন্থ পাঠ করে নির্বাণ সম্পর্কে জ্ঞান লাভ করে। কিন্তু সে বুঝতে পারে না নির্বাণ সুখ কেমন, এজন্য সে বুদ্ধ নির্দেশিত পথ অনুসরণ করে নির্বাণ লাভের জন্য একাগ্র হয়, শেষ পর্যন্ত বুদ্ধের নির্দেশিত যথাযথভাবে পালনের মাধ্যমে নির্বাণ লাভ করতে সক্ষম হয়।

ক. নির্বাণ শব্দের অর্থ কি? ১
খ. নির্বাণের প্রকারভেদ আলোচনা কর। ২
গ. অপিতা কিভাবে নির্বাণ সুখ সম্পর্কে বুঝতে পারে ব্যাখ্যা কর। ৩
ঘ. নির্বাণ সাধনার মাধ্যমে কিভাবে সুন্দর জীবন গঠনকরা যায় বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ রাজা আনন্দ এমন একটি রাজ্যের রাজা ছিলেন। যার উত্তরে গঙ্গা এবং পশ্চিমে শোন নদী, দক্ষিণে বিন্ধ্য পর্বতের শাখা এবং ছিল চম্পা নদী, রাজা আনন্দ তাঁর রাজ্যের পূর্ব দিকে রাজ্যটিকে দখল করে নিয়েছিলেন। অবশেষে রাজা তাঁর নিজ পুত্রের হাতে বন্দি হয়েছিলেন এবং সিংহাসন ছেড়ে দিয়েছিলেন। রাজা বুদ্ধ ও ভিক্ষু সংঘের জন্য অনেক মহৎ কাজ করেছিলেন।

ক. কে বুদ্ধের সময়ে মগধের রাজা ছিলেন? ১
খ. বজ্জীরা জাতি হিসাবে কেমন ছিল? ২
গ. রাজা আনন্দের মধ্য দিয়ে যে রাজ্যের বৈশিষ্ট্য ফুটে উঠেছে, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত রাজ্যের পূর্ব দিকের রাজ্যটির অবস্থা সম্পর্কে বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ অনিতা একটি ধর্মের প্রতিষ্ঠান গড়ে তোলেন, যার প্রাথমিক সদস্য হওয়ার জন্য সাত বছর হতে হয় এবং পূর্ণ সদস্য হওয়ার জন্য প্রয়োজন বিশ বছর। উক্ত ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে এমন কতগুলো চিন্তা ভাবনার প্রতি উদ্বুদ্ধ করা হয়, যা করলে দ্বেষ মোহ ধ্বংস হয়।

ক. ভিক্ষু শ্রামণদের কয়টি কাজ হতে বিরত থাকতে হয়? ১
খ. ভিক্ষু শ্রামণদের নিত্য ব্যবহার্য দ্রব্য সম্পর্কে ব্যাখ্যা কর। ২
গ. অনিতার প্রতিষ্ঠানটির সদস্য হওয়ার দিকটির সাথে বৌদ্ধ ধর্মের কোন দিকটির সাদৃশ্য রয়েছে বর্ণনা কর। ৩
ঘ. কোন ভাবনার প্রভাবে ব্যক্তির লোভ, দ্বেষ এবং মোহ ধ্বংস হয় বিশ্লেষণ কর। ৪

## ৩. ডা. খাস্তগীর বালিকা সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০


**১.** ▶ সুকান্ত বড়ুয়া ও সীমা বড়ুয়ার সুখের সংসার। কিন্তু তাদের মনে কোনো শান্তি ছিল না। কারণ তাদের সংসারে কোনো সন্তান ছিল না। হঠাৎ রাতে ঘুমের মধ্যে সীমা বড়ুয়া সুন্দর স্বপ্ন দেখলেন। তিনি স্বপ্নের কথা সুকান্ত বড়ুয়াকে বললেন, সুকান্ত বড়ুয়া গ্রামের বৃদ্ধ ভিক্ষুর নিকট স্বপ্নের কথা ভেঙ্গে বলেন। ভন্তে বলেন তোমার স্ত্রী শিগগিরিই মা হবেন।

ক. বৌদ্ধ ধর্মের প্রবর্তক কে? ১
খ. গৌতম বুদ্ধকে মহাকারুনিক বুদ্ধ বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের ঘটনাটি পাঠ্য বইয়ের কোন ঘটনার ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সীমা বড়ুয়া একজন মহামানবের জন্ম দিবেন–' তোমার উভয়ের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**২.** ▶ সৌরভ দশ পারমী পূর্ণতা সাধনে প্রতিশ্রুতিবদ্ধ। তার জীবনাচরণে অনেক পরিবর্তন হয়েছে। তার গৃহীত ব্রতটি একটি দীর্ঘ মেয়াদী প্রক্রিয়া। এটি জন্ম-জন্মান্তরের অনুশীল করতে হয়। নিরবচ্ছিন্ন কর্ম প্রচেষ্টার মাধ্যমে এ গুণের অধিকারী হওয়া যায়।

ক. বোধিসত্ব কত প্রকার? ১
খ. বুদ্ধগুণ অচিন্তনীয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. সৌরভের মধ্যে কোন সত্তার বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়? আলোচনা কর। ৩
ঘ. উক্ত সত্তার, গুণসমূহ বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶




ক. দ্বিতীয় সঙ্গীতি কত মাস স্থায়ী হয়? ১
খ. খুদ্দক নিকায় কী? ২
গ. উদ্দীপকের (?) চিহ্নিত স্থানে কী বসবে? আলোচনার কর। ৩
ঘ. উদ্দীপকের খালি ঘরের পিটকটি পাঠের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪


**৪.** ▶ অনিল বড়ুয়া একজন গরীব ঘরের সন্তান। চাষাবাদ করে কোন রকমের দিনযাপন করে। গত মৌসুমে অনাবৃষ্টি ও মহামারীর ফলে তার জীবনে চরম দুর্ভোগ নেমে আসে।

ক. সূত্র কী?
খ. সূত্র পাঠকরা উচিত কেন?
গ. উদ্দীপকের ঘটনাটির সাথে কোন সূত্রের মিল খুঁজে পাও? ব্যাখ্যা কর।
ঘ. উক্ত সূত্র পাঠের মাধ্যমে অনিল বড়ুয়ার সমস্যার সমাধান সম্ভব? তোমার মতামত উপস্থাপন কর।

**৫.** ▶ রিমা ও দীপা একই শ্রেণিতে পড়ে। রিমা সবাইকে সম্মান করে, সবার সাথে ভালো ব্যবহার করে। বন্ধু-বান্ধবীদের যথেষ্ট সাহায্য করে। তাছাড়াও সে ভিক্ষুদেরকে বিভিন্ন দান দিয়ে সাহায্য করে। অপর দিকে দীপা কারো সাথে ভালো ব্যবহার করে না, অন্যের প্রতি হিংসা পোষণ করে। এজন্য তাকে কেউ পছন্দ করে না।

ক. করণীয় অনুসারে কর্ম কত প্রকার?
খ. কর্মবাদ বলতে কী বোঝায়? ২
গ. রিমার কর্মকাণ্ডের সাথে কোন ধরনের এবং কার কর্মের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোচিত উভয় ধরনের কর্মের প্রভাব আলোচনা কর। ৪

**৬.** ▶




ক. গুরুত্ব বিচারে অটটকথাকে কয় ভাগে ভাগ করা যায়? ১
খ. অটটকথা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. '?' চিহ্নিত স্থানে পাঠ্য বইয়ের অটটকথাচার্য কার ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আচার্য বৌদ্ধ ধর্মের সাহিত্য কর্মে অশেষ অবদান রাখতে সক্ষম হন'– তুমি কী এ বক্তব্যের সাথে একমত? মতামত দাও। ৪

**৭.** ▶ রাংগুনীয়া থানার শিলক গ্রামের উন্নয়নের জন্য সমাবেশের আয়োজন করেন অতীশ বড়ুয়া। গ্রামের উন্নয়নের বিভিন্ন সমস্যা উত্থাপন করেন এবং সমস্যাসমূহ সমাধানের জন্য ব্যবস্থা গ্রহণ করেন। পরবর্তীতে তা কার্যকর করার ফলে রাষ্ট্রীয় দায়িত্ব বলে গৃহীত হয় এবং সকলেই অতীশ বড়ুয়ার অনেক প্রশংসা করেন।

ক. সঙ্গীতি কি? ১
খ. সঙ্গীতির গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত সমাবেশটি পাঠ্য বইয়ের কোন কর্মকাণ্ডের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত অতীশ বড়ুয়ার পৃষ্ঠপোষকতায় এলাকা ব্যাপক উন্নয়ন হয়েছে'– উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ দুলাল বড়ুয়া একজন সৎ ও পরিশ্রমী লোক। তিনি জীবনে বার বার চেষ্টার মাধ্যমে ব্যবসায় সফলতা লাভ করেছেন। বর্তমানে তিনি একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তিনি মনে করেন জীবনে প্রতিষ্ঠিত হতে হলে ক্রমাগত চেষ্টা করে যেতে হবে। তার মতে, অবিরাম সাধনা ছাড়া জীবনের অভীষ্ট লক্ষ্যে পৌঁছানো অসম্ভব।

ক. কে অত্যন্ত দান পরায়ণ ছিলেন? ১
খ. ভিক্ষু শীলভদ্র কীভাবে শীলভদ্র নামে খ্যাত হন? ২
গ. উদ্দীপকের দুলাল বড়ুয়া চরিত্রের সাথে চরিতমালার কোন থেরর মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দুলাল বড়ুয়ার সর্বশেষ উক্তিটি পাঠ্য বইয়ের কাহিনীর আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ পানি পাড়া গ্রামের অধিবাসীরা যেকোনো বিষয়ে এক সাথে মিলিত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন। তারা ছোট বড়, মা-বোনদের সম্মান করেন। গ্রামে ভিক্ষুরাও একত্রে তাদের কর্তব্য পালন করেন এবং বুদ্ধের নীতিমালা পালন করতে সচেষ্ট থাকেন।

ক. বুদ্ধ পরাভব সূত্রে পরাজয়ের কয়টি কারণ নির্দেশ করেছেন? ১
খ. মৃত ব্যক্তিকে দর্শন করতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. পানি পাড়া গ্রামের অধিবাসীদের কর্মকাণ্ড বৌদ্ধ ভিক্ষুত্ব-গৃহীদের কোন বিধি-বিধানের ইঙ্গিত বহন করে– ব্যাখ্যা কর। ৩
ঘ. পানি পাড়া গ্রামের উক্ত কর্মকাণ্ড নিজের এবং দশের জন্য কী বয়ে আনে তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৪. বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.▶** ধনী পরিবারের সন্তান মাহাদী জন্মের পর কোনো দুঃখ, কষ্ট, জরা, ব্যাধি, রোগ-শোক দেখেনি। সে তার এক বন্ধুর সাথে নগর ভ্রমণে বের হয়। প্রথম দিন থেকে পর্যায়ক্রমে বৃদ্ধ, ব্যাধিগ্রস্ত লোক, শবদেহ ও সন্ন্যাসী দেখে মানব জীবনের পরিণতি সম্যকভাব উপলব্ধি করে।

ক. সিদ্ধার্থের প্রিয় অশ্বের নাম কী? ১
খ. গোপাদেবী সম্পর্কে কী জান লেখ। ২
গ. উদ্দীপকে মাহাদীর ঘটনাটি কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।৩
ঘ. মাহাদী মানবজীবনের পরিণতি উপলব্ধির ক্ষেত্রে গৌতম বুদ্ধকে অনুসরণ করেন- বিশ্লেষণ কর। ৪


**২.▶** মিনার দশ পারমী পূর্ণতা সাধনে প্রতিশ্রুতিবদ্ধ। তার জীবনাচরণে অনেক পরিবর্তন সাধিত হয়েছে। তার গৃহীত ব্রতটি একটি দীর্ঘমেয়াদি প্রক্রিয়া। এটি জন্ম-জন্মান্তরের অনুশীলন করতে হয়। নিরবচ্ছিন্ন কর্মপ্রচেষ্টার মাধ্যমে এ গুণের অধিকারী হওয়া যায়।

ক. উৎসের ভিত্তিতে বোধিসত্ত্বকে কয়ভাগে ভাগ করা হয়েছে? ১
খ. প্রজ্ঞাধিক বোধিসত্ত্ব বলতে কী বোঝ? ২
গ. মিনারের মধ্যে কোন সত্ত্বার বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়? আলোচনা কর। ৩
ঘ. উক্ত সত্ত্বার গুণসমূহ বিশ্লেষণ কর। ৪

**৩.▶** মিঠুন একজন কৃষক। অনাবৃষ্টির কারণে সে এ বছর কোনো ফসল ফলাতে পারেনি। এর ফলে অনাহারে তার পরিবারের প্রায় সবাই মারা যায়। তাদের রাজ্যে দুর্ভিক্ষ, অমনুষ্য ও মহামারী– এ তিন উপদ্রব দেখা দিয়েছে।

ক. বৈশালী কাদের গণরাজ্য ছিল? ১
খ. করণীয় মৈত্রী সূত্র পাঠ করতে হয় কেন? ২
গ. উদ্দীপকের ঘটনাটির সাথে কোন সূত্রের সংশ্লিষ্টতা রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সমস্যা কী উক্ত সূত্রের মাধ্যমে সমাধান করা সম্ভব? তোমার মতামত উপস্থাপন কর। ৪

**৪.▶** নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ




ক. পঞ্চস্কন্ধের উপাদানসমূহের নাম লেখ। ১
খ. কীভাবে চিত্তকে সংযত করা যায়? ২
গ. সোপাদিসেস নির্বাণ লাভের উপায়সমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে বর্ণিত উভয় প্রকার নির্বাণ সম্পর্কে তোমার ধারণা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৫.▶** অজয় বড়ুয়া দুর্বিনীত কিছু ভিক্ষুর অভিপ্রায় শুনে বিস্মিত হন। তিনি এবং নেতৃস্থানীয় কিছু ভিক্ষু বুদ্ধবাণী সংরক্ষণের কথা চিন্তা থেকেই বুদ্ধবাণী সংকলনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে প্রথম সঙ্গীতির আহ্বান করা হয়।

ক. ভিন্ন ভিন্ন স্থানে কয়টি সঙ্গীতি অনুষ্ঠিত হয়? ১
খ. বুদ্ধের মৃত্যুর পর বিভিন্ন সমস্যা কীভাবে সমাধান করা হতো? ২
গ. উদ্দীপকের সাথে পাঠ্যবইয়ের কার মিল পাওয়া যায়-ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত প্রথম সঙ্গীতির কার্যক্রম পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬.▶** পিয়াল বড়ুয়া পঞ্চশীল রক্ষা করতেন। যথারীতি উপোসথ পালন করতেন। যথাধর্ম রাজ্য শাসনে মনোযোগী ছিলেন। সকলকে ধর্মপথে চলতে, সাধুভাবে নিজ নিজ কাজ সম্পাদন ও ব্যবসা বাণিজ্য পরিচালনা করতে সর্বদা উপদেশ দিতেন।

ক. বোধিসত্ত্ব কাকে বলে? ১
খ. জাতককে প্রাচীন ইতিহাসের অনন্য উৎস বলা হয় কেন? ২
গ. পিয়াস বড়ুয়ার সঙ্গে জাতকে কার চরিত্রের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে দশবিধ কর্তব্য বিশ্লেষণ কর। ৪

**৭.▶** সুভদ্রা তঞ্চঙ্গা একজন ত্যাগী মানুষ। জীবনে বহু ত্যাগ তিতিক্ষার মাধ্যমে তিনি প্রতিষ্ঠা লাভ করেছেন। তিনি বলেন, জীবনে ভোগ নয়, ত্যাগেই মাহাত্ম। ত্যাগ মানুষকে মহান করে তোলে। তাই সবার ত্যাগের আদর্শে উজ্জীবিত হওয়া উচিত।

ক. কার গৃহী নাম ছিল উপতিষ্য? ১
খ. সারিপুত্রকে কেন বুদ্ধের দক্ষিণ হস্ত নামে অভিহিত করা হতো? ২
গ. উদ্দীপকে বর্ণিত চরিত্রের সাথে চরিতমালার উল্লিখিত কোন চরিত্রের সাদৃশ্য লক্ষ্য করা যায়-ব্যাখ্যা কর। ৩
ঘ. জীবনে ভোগ নয়, ত্যাগেই মাহাত্ম্য-পাঠ্যবইয়ের আলোকে এর যুক্তি দাও। ৪

**৮.▶** ইতিহাসবিদ রাজিব চাকমা এক সেমিনারে বক্তৃতাকালে বলেন, এমন একটি সময় ছিল যখন অধিকাংশ মানুষ পল্লী অঞ্চলে বাস করত। তারা কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করত। সেই সময়ে সমাজের মধ্যে ছিল আধিপত্যের লড়াই। যার কারণে মানুষে মানুষে ছিল ভেদাভেদ।

ক. বুদ্ধের সময়ে বৌদ্ধধর্ম ব্যতীত মোট কত প্রকার ধর্মমত প্রচলিত ছিল? ১
খ. কেন বিভিন্ন ধর্মমতের উদ্ভব হয়? ২
গ. রাজিব চাকমার বক্তব্যে কোন সমাজ ব্যবস্থার কথা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানুষে মানুষে ভেদাভেদ বলতে রাজিব চাকমা কোন প্রথাকে নির্দেশ করেছেন। পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.▶** মনি চাকমা একটি ধর্মীয় প্রতিষ্ঠান গড়ে তোলেন, যার প্রাথমিক সদস্য হওয়ার জন্য সাত বছর হতে হয় এবং পূর্ণ সদস্য হওয়ার জন্য প্রয়োজন বিশ বছর। উক্ত ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে এমন কতগুলো চিন্তাভাবনার প্রতি উদ্বুদ্ধ করা হয়, যা করলে লোভ-দ্বেষ-মোহ ধ্বংস হয়।

ক. ভিক্ষু শ্রমণদের কয়টি কাজ হতে বিরত থাকতে হয়? ১
খ. ভিক্ষু শ্রমণদের নিত্যব্যবহার্য দ্রব্য সম্পর্কে বুঝিয়ে লেখ? ২
গ. মনি চাকমার প্রতিষ্ঠানটির সদস্য হওয়ার দিকটির সাথে বৌদ্ধধর্মের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. কোন ভাবনার প্রভাবে ব্যক্তির লোভ, দ্বেষ এবং মোহ ধ্বংস হয়? বিশ্লেষণ কর। ৪

## ৫. নাসিরাবাদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

**বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

পূর্ণমান — ৬০

**১.** ▶ সৃজন, হৃদয়, পূজন বোধিসত্ত্ব সাধনার সর্বোত্তম প্রক্রিয়া অনুশীলন করে। সৃজন প্রজ্ঞা সাধনাকে সর্বাগ্রে স্থান দেন। হৃদয় ও পূজন কর্ম প্রচেষ্টা সর্বাগ্রে স্থান দেয়। তারা কঠিন সাধনার ব্রতে অনুরাগী।

ক. বোধিসত্ত্ব কোন ধরনের সত্ত্বাকে বুঝায়? ১

খ. শ্রদ্ধাধিক বোধিসত্ত্ব বলতে কী বুঝ? ২

গ. সৃজন, হৃদয়, পূজন-এর মধ্যে কোন ধরনের বোধিসত্ত্ব দেখা যায়, মতামত দাও। ৩

ঘ. "সম্যক সম্বোধিসত্ত্ব' বোধিসত্ত্ব সাধনার সর্বোত্তম প্রক্রিয়া উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ তুলাতলী গ্রামে জোয়ারের পানিতে বাড়িঘর ও ফসলাদি তলিয়ে যায়। ঐ দূষিত পানি পানের কারণে গ্রামটিতে মহামারী ও কলেরা রোগের প্রাদুর্ভাব দেখা দেয়। গ্রামবাসী চিন্তিত হয়ে ভিক্ষুর নিকট গমন করেন। অতঃপর ভিক্ষু সূত্র আবৃত্তির মাধ্যমে সমস্যার সমাধান করেন?

ক. রতন সূত্র সুদ্দক নিকায়ের কোন গ্রন্থে পাওয়া যায়? ১

খ. করণীয় মৈত্রী সূত্রের নৈতিক শিক্ষা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনা কোন সূত্রের ইঙ্গিত বহন করে? মতামত দাও। ৩

ঘ. উদ্দীপকের সূত্র আবৃত্তির ফলে গ্রামবাসীরা কী ধরনের উপকার পেতে পারে? মূল্যায়ন কর। ৪

**৩.** ▶ ছক - ১

| |
|---|
| একশত বায়ান্নটি সূত্র আছে। ভিক্ষুদের সাথে গৃহী ও রাজন্যবর্গের সম্পর্ক রয়েছে। আচার্য বুদ্ধঘোষ ত্রিপিটকের অন্তর্গত গ্রন্থসমূহের মধ্যে সর্বশ্রেষ্ঠ গ্রন্থ হিসেবে আখ্যায়িত করেছেন। |

ছক - ২

| |
|---|
| পাঁচটি বর্গে বিভক্ত। সূত্রের সংখ্যা ২৮৮৯টি। সূত্রগুলো নৈতিক, মনস্তত্ত্ব। দর্শন প্রভৃতি বিষয় সম্পর্কীয় সূত্রের সমবায়ে রচিত। নৈতিক ও দার্শনিক বর্ণনায় সমৃদ্ধ। |

ক. সংযুক্ত নিকায় মোট সূত্রের সংখ্যা কত? ১

খ. খন্ধক কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক-১ এ বর্ণিত গ্রন্থসমূহের মধ্যে সর্বশ্রেষ্ঠ হিসেবে কেন আখ্যায়িত করা হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৩

ঘ. উদ্দীপক-২ নিকায়কে নৈতিক ও দার্শনিক বর্ণনায় সমৃদ্ধ বলা হয়েছে কেন? বিশ্লেষণ কর। ৪

**৪.** ▶ প্রান্তিকের জীবন আরামেই কাটছিল। হঠাৎ সে কঠিন রোগে আক্রান্ত হয় এবং বিভিন্ন প্রকার দুঃখ পেতে থাকে। অতঃপর সে দুঃখ থেকে মুক্তি পাওয়ার জন্য নির্বাণ সাধনায় মনোনিবেশ করে।

ক. নির্বাণের কী নেই? ১

খ. মানুষ কেন অপকর্মে লিপ্ত হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রান্তিক কীভাবে নির্বাণ লাভ করতে পারবে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. নির্বাণ অনুধাবনের উপায় বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶ উদ্দীপক-১ বুদ্ধবাণী সংকলনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে। দক্ষিণমুখী ও উত্তরমুখী আসন ছিল ভিক্ষুদের জন্য।

উদ্দীপক:-২ যশ স্থবিরকে পটিসারণীয় কম্ম প্রদান করেন। বুদ্ধের পরিনির্বাণের একশত বছর পর অনুষ্ঠিত হয়।

ক. কোন রাজার রাজত্বকালে ৫ম সঙ্গীতি অনুষ্ঠিত হয়? ১

খ. ধর্ম মহামাত্র বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক-১ কোন সঙ্গীতি নির্দেশ করছে? সঙ্গীতি সম্পর্কে মতামত দাও। ৩

ঘ. উদ্দীপক-২ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶ শ্রেয়া বিত্তশালী পরিবারের কন্যা। পিতা-মাতা তাকে ভালো ও সৎপাত্র দেখে বিয়ে দেন। এক বছর পর তার একটি পুত্র সন্তান জন্ম নেয়। জন্মের সময় সন্তানটির বিভিন্ন রোগ দেখা দেয়। সন্তানটি দেখতে ও কুৎসিৎ। কয়েক বছর পর সন্তানটি রোগে আক্রান্ত হয়ে মারা যায়।

ক. গুরুকর্ম কী? ১

খ. কর্মের উৎপস্থিল মনবাচিত্ত কেন বলা হয়? ২

গ. শ্রেয়ার জীবনে কর্মের কোন বিধানটি কার্যকর হয়েছে? মতামত দাও। ৩

ঘ. শ্রেয়ার সন্তানের কুৎসিৎ চেহারা এবং অল্প বয়সে মারা যাওয়া। পূর্বজন্মের কোন কর্মের ফল? পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶ অধীর সর্ববিদ্যায় পারদর্শী ও পন্ডিত হিসেবে সুখ্যাতি অর্জন করেন। শৈশবে তিনি ছিলেন জ্ঞানার্জনের জন্য উৎসুক। এক খ্যাতিমান ব্রাহ্মণকে এক যুদ্ধে পরাজিত করে খুব প্রশংসা অর্জন করেন।

ক. সারিপুত্রের মাতার নাম কী? ১

খ. সারিপুত্রের প্রধান উপদেশ কী ছিল? ২

গ. উদ্দীপকের অধীর বাবুর সাথে চরিত্র মালার কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মনীষীর জীবন ও কর্ম পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ 'X' গ্রামের অধিবাসীরা একে অপরের সাথে মিলেমিশে বসবাস করেন। তারা একত্রে ভিক্ষু শ্রমণদের কল্যাণে একটি বিহার নির্মাণ করে। একে অন্যের প্রতি সম্মান দেখান। বুদ্ধের নীতি গ্রামবাসীরা যথাযথভাবে অনুসরণ করে।

ক. উর্ধ্ব দিকে নমস্কারের অর্থ কী? ১

খ. গৃহী নীতিমালা অনুসারে পথ চলার নিয়ম ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের গ্রামের অধিবাসীদের সাথে বুদ্ধের সময়কালে কোন রাজ্যের অধিবাসীদের মিল রয়েছে? আলোচনা কর। ৩

ঘ. উক্ত গ্রামের অধিবাসীদের যে ধর্ম দেশনা দিয়েছিলেন-তা বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ নিচের সারণিটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ

| ক্রমিক নং | রাজার নাম | শাসনকাল |
|---|---|---|
| ১ | অশোক | ১৩৭ বছর রাজত্ব করেন |
| ২ | ধর্মপাল | ৪০০ বছরব্যাপী রাজত্ব করেন |

ক. কোন শতকে বাংলার শাসন ব্যবস্থায় অরাজকতা দেখা দেন? ১

খ. 'অধীত্যসমুৎপন্নবাদ' কী? ব্যাখ্যা কর। ২

গ. ছক বর্ণিত ক্রমিক-১ এর বৌদ্ধধর্ম প্রচার ও প্রসারে উক্ত রাজ বংশের অবদান ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ক্রমিক -২ এ বর্ণিত বংশের রাজাদের সময় বৌদ্ধ স্থাপত্য ও শিল্পকলার প্রভূত উন্নতি সাধিত হয়েছিল – উদ্দীপকের সপক্ষে যুক্তি দাও। ৪

## ৬. চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.** ▶'ক' পিটকটি পাঁচভাগে বিভক্ত। এর প্রথম ভাগটিতে সর্বমোট চৌত্রিশটি সূত্র আছে। দ্বিতীয় ভাগে ১৫২টি সূত্র আছে। শেষ ভাগটি ষোলটি গ্রন্থের সমন্বয়ে গঠিত।

ক. বট্টগামিনী কোন দেশের রাজা ছিলেন? ১
খ. খন্ধক কী? ২
গ. উদ্দীপকের বর্ণিত প্রথম ও দ্বিতীয় ভাগটি কোন গ্রন্থকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লেখিত শেষ ভাগটিতে খুদ্দক নিকায়ের বৈশিষ্ট্য বিদ্যমান যৌক্তিকতা নিরূপন কর। ৪

**২.** ▶বিকাশ তার বাবা-মায়ের একমাত্র সন্তান। তার জন্মের পর এক ঋষি তাকে দেখে প্রথমে উল্লাস প্রকাশ করলেও পরে কেঁদে ফেলেন। বিকাশ বড় বড় পন্ডিতের কাছে বিদ্যাশিক্ষা করে। সে বেদ, পুরানা, ইতিহাস, যোগ, বৈশেষিক ন্যায় ও চৌষট্টি প্রকার লিপিবিদ্যায় পারদর্শিতা অর্জন করে। বাল্যকালেই বিকাশের অনন্য প্রতিভার পরিচয় পাওয়া যায়।

ক. কয় বছর কঠোর সাধনায় সিদ্ধার্থ বুদ্ধত্ব লাভ করেন? ১
খ. সিদ্ধার্থের জন্ম সম্পর্কে কী জান? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বিকাশের সাথে কোন মনিষীল সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত মনীষীর বাল্যকালে অনন্য প্রতিভার পরিচয় পাওয়া যায়- তোমার উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

**৩.** ▶দীলিপ এবং রূপম একই স্কুলে পড়ে। দীলিপ সবাইকে সম্মান করে, সবার সাথে ভালো ব্যবহার করে, সাধ্য অনুযায়ী বন্দুদেরকে সাহায্য করে তাছাড়া কে ভিক্ষুদেরকে বিভিন্ন জিনিস দিয়ে সাহায্য করে। এজন্য সবাই তাকে খুব ভালোবাসে। অপরদিকে রূপম সবার সাথে তেমন ভালো ব্যবহার করে না। কাউকে সাহায্য করে না, অন্যের প্রতি সে হিংসা পোষণ করে। এজন্য কেউ তাকে পছন্দ করে না।

ক. কুশলকর্ম সম্পাদন করতে হলে কী দরকার? ১
খ. বোধিসত্ত্ব মৃত্যুর পর কেন রাজপুত্র হয়ে জন্ম নেয়? ২
গ. দীলিপের কর্মকান্ডের সাথে কোন ধরনের এবং কার কর্মের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কর্মকান্ডের বিশ্লেষণ কর। ৪

**৪.** ▶দিলীপ, শচীন ও মাধব বোধিসত্ত্ব সাধনার সর্বোত্তম প্রক্রিয়া অনুশীল করে। দিলীপ প্রজ্ঞা সাধনাকে সর্বাগ্রে স্থান দেয়। শচীন ও মাধব কর্ম প্রচেষ্টাকে সর্বাগ্রে স্থান দেয়। তারা কঠিন সাধনার ব্রতে অনুরাগী।

ক. গৌতম বুদ্ধ কত বার বোধিসত্ত্বরূপে জন্মগ্রহণ করেন? ১
খ. শ্রদ্ধাধিক বোধিসত্ত্ব বলতে কী বুঝ? ২
গ. দিলীপ, শচীন ও মাধবের মধ্যে কোন ধরনের বোধিসত্ত্ব দেখা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বোধিসত্ত্বগুলোর তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶শীলন ও আরও ৫০-৬০ জন মিলে তাদের গ্রামের পাশে একটি বনে ধ্যান ও জ্ঞান সাধনায় নিয়োজিত ছিল। কিন্তু বনের মধ্যে রাতে ভয়ংকর আকৃতির মূর্তি ও চিৎকার শোনা যেত। এতে শীলনরা সাধনা অসমাপ্ত রেখে বন ত্যাগ করে। তবে তাদের গুরুর নির্দেশে তারা আবার ফিরে আসে এবং সাধনাব্রত পূরণ করে।

ক. অশুভ গ্রহণের প্রভাব হতে রক্ষা পেতে কোন সূত্র পাঠ করতে হয়? ১
খ. বৈশাখী নগরে অমনুষ্য পিশাচদি প্রবেশ করে কেন? ২
গ. উদ্দীপকের শীলনদের ঘটনার সাথে কোন ঘটনার সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সাধনায় যে সমস্যা দেখা যায় তা সমাধানের উপায় বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶রাহুল ত্রিপিটক পাঠ করা শেখে কিন্তু সে এর অনেক শব্দ বোঝে না। কারণ এগুলো অনেক জটিল ও দুর্বোধ্য, সে দাদুর কাছে এর সমাধান চাইলে তিনি তাকে এমন এক সাহিত্য পাঠ করার পরামর্শ দেন যে যার সাহায্যে ত্রিপিটক ও পালি সাহিত্য অনুবাদ করা হয়েছে এবং এখানেই ঐ সমস্ত জটিল ও দুর্বোধ্য শব্দের সহজ সরল ব্যাখ্যা দেওয়া হয়েছে। এছাড়া এতে প্রাচীন কালের ইতিহাস বর্ণনা করা হয়েছে।

ক. অট্‌ঠ কথা সাহিত্যের প্রধান উপজীব্য বিষয় কী? ১
খ. কীভাবে প্রাচীন ভারত ও শ্রীলঙ্কায় গ্রাম ও রাস্তাঘাটের নামকরণ করা হতো? ২
গ. রাহুল কীভাবে প্রাচীনকালের ইতিহাস ত্রিপিটকের ব্যাখ্যা জানতে পারে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সাহিত্য প্রাচীন ইতিহাস রচনার গুরুত্বপূর্ণ উৎস, তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৭.** ▶বৌদ্ধধর্মে ছয়টি সঙ্গীতি অনুষ্ঠিত হয় ভিন্ন ভিন্ন স্থানে। প্রত্যেকটি সঙ্গীতির উদ্দেশ্য এক হলেও এদের পটভূমি ছিল ভিন্ন, বুদ্ধ বাণী সংরক্ষণের জন্য সঙ্গীতি আহ্বান করা হয়।

ক. বুদ্ধের মৃত্যুর পর জব্বপুত্রীয় ভিক্ষুগণ কয়টি বিধি-বিধান প্রচলন করেন? ১
খ. বুদ্ধ মহানির্বাণের পর কীভাবে বুদ্ধবাণী প্রচারিত হতো? ২
গ. তৃতীয় সঙ্গীতির আহ্বানের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বুদ্ধবাণী রক্ষার স্বার্থেই এগুলো একত্রে সংরক্ষণের প্রয়োজনীয়তা উপলব্ধি করা হয়' উদ্দীপকের আলোকে পাঠ্যপুস্তকের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶কাহিনী-১ চন্দ্রিমা বড়ুয়া একটি শ্রমণ সঙ্ঘের প্রধান। তিনি সন্ন্যাস জীবন যাপন করেন। তিনি মনে করেন, পাপ হতে লজ্জার উৎপত্তি, তিনি নিজেকে সমস্ত পাপ থেকে মুক্ত মনে করেন।

কাহিনী-২ অমিত চাকমা পেশায় ছিলেন একজন দাস, তিনি তাঁর মালিকের দন্তের ভয়ে সন্ন্যাস পথ অবলম্বন করেন। পরবর্তীতে তিনি নিয়তিবাদ সমর্থন করতেন।

ক. ব্রহ্মার পা থেকে কাদেরকে সৃষ্টি করা হয়েছে? ১
খ. ব্রাহ্মণ ও ক্ষত্রিয়দের কাজের ব্যাখ্যা দাও। ২
গ. কাহিনী-১ এ চন্দ্রিমা বুড়ায়ার মধ্য দিয়ে কার চারিত্রিক গুণাবলি প্রকাশিত হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. কাহিনী-২ এ অমিত চাকমার নিয়তিবাদের সমর্থন বলতে কী বুঝ? উদাহরণ সহ যুক্তি দাও। ৪

**৯.** ▶নবম শ্রেণির বৌদ্ধধর্মের শিক্ষক নিহার চাকমা তার ছাত্র ছাত্রীদেরকে কতকগুলো নিত্যকরণীয় বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ করে বলেন,মানুষ সহজেই তৃষ্ণার জালে আবদ্ধ হয়। মানুষ চিত্তকে সংযত করতে না পারলে তৃষ্ণা' হতে মুক্তি লাভ করতে পারবে না। আর মানবজাতিকে তৃষ্ণা থেকে মুক্ত করার জন্যগৌতম বুদ্ধ নিত্য কর্মের দুটি স্তরের কথা বলেছেন।

ক. 'সেখিয়া' অর্থ কী? ১
খ. মুদিতা ভাবনা বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে মানবচিত্তের যে তৃষ্ণার কথা বলা হয়েছে তা থেকে মুক্তির প্রথম স্তর কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. বুদ্ধ নির্দেশিত তৃষ্ণা থেকে মুক্তির স্তরের প্রভাব বিশ্লেষণ কর। ৪

## ৭. বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.** ▶কমল দাশ গুপ্ত তার একমাত্র পুত্র কে সংসারী করতে বিয়ে দেন। কিন্তু তার পুত্র মধুধর দাশগুপ্ত গৃহত্যাগ করতে সংকল্প করে। সে পিতার কাছে চারটি বিষয়ে নিশ্চয়তা চায়। তাহলে সে সংসার ত্যাগ করবে না। কমল দাশ গুপ্ত শর্তগুলো পূরণে অপারগ হয়ে সন্তানকে গৃহ ত্যাগের অনুমতি দেন। নব সংসার ছেড়ে মহান কর্তব্যের টানে মধুধর দাশ গুপ্ত গৃহ ত্যাগ করেন।

ক. সিদ্ধার্থের সারথীর নাম কী? ১

খ. রাজা শুদ্ধোধন সম্পর্কে কী জান লেখ? ২

গ. মধুধর দাশ গুপ্ত গৌতম বুদ্ধের প্রতিনিধি-ব্যাখ্যা কর। ৩

ঘ. কমল দাশ গুপ্ত ও মধুধর দাম গুপ্তের চরিত্রের শুদ্ধোদন ও সিদ্ধার্থের ঘটনা ফুটে উঠেছে যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

**২.** ▶মিনার দশ পারমী পূর্ণতা সাধনে প্রতিশ্রুতি বদ্ধ। তার জীবনাচরণে অনেক পরিবর্তন সাধিত হয়েছে। তার গৃহীত ব্রতটি একটি দীর্ঘ মেয়াদী প্রক্রিয়া। এটি জন্ম জন্মান্তর অনুশীলন করতে হয়। নিরবিচ্ছিন্ন কর্ম প্রচেষ্টার মাধ্যমে এ গুণের অধিকারী হওয়া যায়।

ক. উৎসের ভিত্তিতে বোধিসত্ত্বকে কয় ভাগে ভাগ করা হয়েছে? ১

খ. কলহ বিবাদ সূত্রের শিক্ষা কী? ব্যাখ্যা কর। ২

গ. মিনারের মধ্যে কোন সত্তার বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়? আলোচনা কর। ৩

ঘ. উক্ত সত্তার গুণ সমূহ বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶মনি চাকমা একটি ধর্মীয় প্রতিষ্ঠান গড়ে তোলেন, যার প্রাথমিক সদস্য হওয়ার জন্য সাত বছর হতে হয়। এবং পূর্ণ সদস্য হওয়ার জন্য প্রয়োজন বিশ বছর। উক্ত ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে এমন কতগুলো চিন্তা ভাবনার প্রতি উদ্বুদ্ধ করা হয়, যা করলে লোভ, দ্বেষ মোহ ধ্বংস হয়।

ক. ভিক্ষু শ্রমণদের কয়টি কাজ হতে বিরত থাকতে হয়? ১

খ. ভিক্ষু শ্রমণদের নিত্য ব্যবহার্য দ্রব্য সম্পর্কে বুঝিয়ে লেখ? ২

গ. মনে চাকমার প্রতিষ্ঠানটির সদস্য হওয়ার দিকটির সাথে বৌদ্ধ ধর্মের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? বর্ণণা কর। ৩

ঘ. কোন ভাবনার প্রভাবে ব্যক্তির লোভ,দ্বেষ এবং মোহ ধ্বংস হয়? বিশ্লেষণ কর। ৪

**৪.** ▶রাংগুনীয়ার পৌর মেয়র সুদর্শন চৌধুরী সত্যবাদিতা ও দানশীলতায় অতুলনীয় ছিলেন। সকল ধর্মের প্রতি তাঁর শ্রদ্ধা ছিল। তিনি মুক্ত হাতে দান দিতে পছন্দ করতেন। তাঁর এলাকায় গরীব দুঃখীরা কোন অবস্থায় আছেন, তাদের খোঁজ খবর নিতেন এবং সমস্যা সমাধানে সচেষ্ট হতেন।

ক. মৌর্য বংশের প্রথম রাজা কে ছিলেন? ১

খ. অজাত শত্রু পিতাকে হত্যা করে অনুতপ্ত হলেন কেন? ২

গ. মেয়র সুদর্শন চৌধুরীর মধ্যে বুদ্ধের সময় কালের কোন রাজার চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে উঠেছে ব্যাখ্যা কর। ৩

ঘ. মেয়র সুদর্শন চৌধুরীর কর্মকাণ্ডে উদ্দেশ্য ছিল বুদ্ধের কল্যাণকর বানীর প্রতি এলাকাবাসীদের আকৃষ্ট করা। উক্তিটির যথার্থতা পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

**৫.** ▶মায়া বড়ুয়া সামান্য বেতনের কাজের লোক। তাঁর মতে সততাই সর্বোত্তম উপায়। তাই সে সৎ জীবন যাপন করে এবং সৎ চেতনার অধিকারী। সৎ ভাবে চলার কারণে সে বাড়ির গৃহকত্রীর মন জয় করে নেয়। সততার কারণে গৃহকর্ত্রী তার উপর আস্থাশীল হয়ে উঠেন।

ক. কার দশ পুত্র ও দশ কন্যা ছিল? ১

খ. শ্রাবন্তী কেন বৌদ্ধদের একটি প্রধান তীর্থ স্থান? ২

গ. উদ্দীপকের উল্লেখিত চরিত্রের সাথে চরিত্র মালার কোন চরিত্রের সাদৃশ্য বিদ্যমান ব্যাখ্যা কর। ৩

ঘ. সততা সর্বোত্তম উপায় উক্তিটি পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶পার্থ বড়ুয়া একবার পরীক্ষায় খারাপ ফলাফল করে। এর কারণ হিসাবে দেখায় পরীক্ষার আগে সে ঠিকমত পড়ালেখা করেনি। তার বাবা তাকে বলেন, মানুষ যেমন কর্ম করে তেমন ফল পায়। এরপর পরবর্তী পরীক্ষায় সে ঠিকমত পড়ালেখা করে ভালো ফল করে। কর্মফলের ব্যাখ্যা দিতে গিয়ে পার্থর বাবা বিভিন্ন ঐতিহাসিক ঘটনার অবতারণা করেন।

ক. কর্মের ফল বিবেচনায় কর্ম বিধানকে কয় ভাগে ভাগ করা যায়? ১

খ. কর্মবাদ বলতে কী বোঝায়? ২

গ. কী ভাবে পার্থ পরীক্ষার ভালো ফলাফল করতে সক্ষম হয়- উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. কর্মফলের ব্যাখ্যা স্বরূপ পাঠ্যবইয়ের ঐতিহাসিক ঘটনা নিয়ে একটি নাতিদীর্ঘ রচনা লেখ। ৪

**৭.** ▶একদা দীলিপ তার ছেলের কাছ থেকে বুদ্ধ বানীর ব্যাখ্যা শুনছিলেন। হঠাৎ তিনি লক্ষ করলেন তার ছেলের ব্যাখ্যা ধীরে ধীরে ভুর হয়ে যাচ্ছে। তখন তিনি তার ছেলেকে বললেন বুদ্ধ বানীকে সেই ভাবে ব্যাখ্যা করতে হবে ঠিক যে ভাবে ভগবান বুদ্ধ বলে গিয়েছেন। পিতার কথায় দীলিপের ছেলে ভিক্ষুদের কাছ থেকে আরো ভালো ভাবে বুদ্ধ বাণীর ব্যাখ্যা শেখে এবং এর জন্য সে বিভিন্ন গ্রন্থের সহযোগিতা নেয়।

ক. অট্ঠ কথাকে ইংরেজিতে কী বলা হয়? ১

খ. বুদ্ধের জীবিত কালেই তার ধর্মপদেশের বিভিন্ন বিষয় অর্থ সহকারে ব্যাখ্যার প্রয়োজন হয়েছিল কেন? ২

গ. পাঠ্য বইয়ে উল্লেখিত কোনো ঘটনার সাথে দীলিপ ও তার ছেলের ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বুদ্ধবাণীকে কিভাবে ব্যাখ্যা করলে তা সঠিক ভাবে মানুষের কাছে পৌঁছাবে বলে তুমি মনে কর। ৪

**৮.** ▶বরুণ চামকার ভাই একবার জটিল রোগে আক্রান্ত হন। বহু চেষ্টা করে রোগ নিরাময় করা গেল না। একজন বৈদ্য মুহিতকে একটি পাঠা বলী দিতে বলে রোগ নিরাময়ক হিসেবে। কিন্তু মুহিত পশু হত্যার বিপক্ষে। অতঃপর তিনি পশু হত্যা থেকে বিরত থাকলেন।

ক. সংঘ কী? ১

খ. পারমী বলতে কী বুঝ? ২

গ. বরুণ চাকমার কর্মকাণ্ডের পারমী পাঠের কোনো ঘটনার ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বরুণ চাকমা যে পারমী গ্রহণ করেছেন তার গুরুত্ব মূল্যায়ন কর।৪

**৯.** ▶সম্রাট সুমন তৃতীয় সংগীতির পর অনেক দেশে ধর্ম প্রচারক প্রেরণ করেন। তিনি ধর্ম প্রচারের নামে ধর্মামহাপাত্র নামে বিশেষ শ্রেণির রাজ্য কর্মচারী ও নিয়োগ করেন।

ক. তৃতীয় সংগীতি কোথায় অনুষ্ঠিত হয়? ১

খ. বজিজপুত্রীয় ভিক্ষুগণ যশো স্থবিরকে কেন 'পসিারনীয়কম্ম' প্রদান করেন?২

গ. মিনারের মধ্যে কোন সত্তার বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়? আলোচনা কর। ৩

ঘ. উক্ত সত্তার গুণসমূহ বিশ্লেষণ কর। ৪

## ৮. মেরন সান স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.▶** যদি কোন ভিক্ষু শতবর্ষব্যাপী ত্রিপিটক অধ্যয়ন করেও সম্যকরূপে শীল পালন না করেন, তবে মৃত্যুর পর তাঁকে নরকে যেতে হয়।

ক. ত্রিপিটক শব্দের অর্থ কী? ১

খ. সংক্ষেপে ত্রিপিটকের পটভূমি বর্ণনা কর। ২

গ. উদ্দীপকের উক্তিটি ত্রিপিটকের কোন পিটকের অন্তর্গত? উক্তিটি বিশ্লেষণ কর। ৩

ঘ. ত্রিপিটক পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৪

**২.▶** সুমনা শিক্ষাজীবন শেষ হলে তাঁর পিতা কন্যাকে পাত্রস্থ করার সিদ্ধান্ত নেন। একজন শিক্ষিত অস্ত্রচালনায় পারদর্শী যুবকের সাথে সুমনার বিবাহ কার্য সম্পাদন করা হয়। কিন্তু সুমনার স্বামী বৈরাগী জীবন পছন্দ করতেন এবং ধ্যানী ছিলেন।

ক. রানি মহামায়া কে ছিলেন? ১

খ. ঋষি অসিতের ভবিষ্যত বাণী কী ছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বিষয়বস্তু থেকে তোমার পাঠ্যবইয়ের কোন মহান ব্যক্তির মিল রয়েছে? তাঁর বাল্য জীবন বর্ণনা কর। ৩

ঘ. কৃশা গৌতমী কিভাবে ভিক্ষুণী সংঘে প্রবেশ করলেন? বর্ণনা কর। ৪

**৩.▶** শিশির বৌদ্ধধর্মের বিভিন্ন বই পড়তে লাগল। সে একটি সূত্র পড়ল। সূত্রটির নৈতিক শিক্ষা হল, সকল জীবের প্রতি মৈত্রী ভাব পোষণ করা। কোনো জীবকে অবহেলা না করা। শত্রুতা দূর করা সূত্রটি পড়ে শিশির তখন সকল প্রাণীর প্রতি সহানুভূতিশীল হয়।

ক. সূত্র ও নীতিগাথা কী? ১

খ. ভিক্ষুরা বর্ষাবাস ত্যাগ করে কেন শ্রাবস্তীতে চলে এলেন? ২

গ. উদ্দীপকের সূত্রটিকে কোন সূত্র বলা হয়? ভিক্ষুরা কিভাবে বর্ষাবাস সম্পন্ন করেন? ব্যাখ্যা করেন। ৩

ঘ. শিশিরের জীবনে উক্ত সূত্র কতটুকু প্রভাব ফেলেছে? তোমার মতামত ব্যক্ত কর। ৪

**৪.▶** আশীষ চাকমা একজন অবসর প্রাপ্ত সরকারি কর্মকর্তা। তিনি বিভিন্ন ধর্মীয় বই পড়ে একদিন সংসার ধর্ম ত্যাগ করে ভন্তের নিকট প্রবজ্যা লাভ করেন। তিনি বিভিন্ন বিষয়ে জাগতিক জ্ঞান অর্জন করেন।

ক. নির্বাণ তত্ত্ব কে আবিষ্কার করেন? ১

খ. বুদ্ধ কেন বলেছেন, নির্বাণ পরম সুখ? ২

গ. আশীষ চাকমা কেন প্রবজ্যা গ্রহণ করলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আশীষ চাকমার দৃষ্টিতে নির্বাণ সাধনার প্রয়োজনীয়তা কতটুকু তা বিশ্লেষণ কর। ৪

**৫.▶** পিয়াল বড়ুয়া পঞ্চশীল গ্রহণ করতেন। যথারীতি উপোসথ পালন করতেন, যথাধর্ম রাজ শাসনে মনোযোগী ছিলেন। সকলকে ধর্মপথে চলতে সাধুভাবে নিজ নিজ কাজ সম্পাদন ও ব্যবসা-বাণিজ্য পরিচালনা করতে সর্বদা উপদেশ দিতেন।

ক. বৌধিসত্ত্ব কাকে বলে? ১

খ. জাতককে প্রাচীন ইতিহাসের অনন্য উৎস বলা হয় কেন? ২

গ. পিয়াল বড়ুয়ার সাথে জাতকে কার চরিত্রের ইংগিত পাওয়া যায়? ৩

ঘ. পাঠবইয়ের আলোকে দশবিধ কর্তব্য বর্ণনা কর। ৪

**৬.▶** এই নারী জন্মজন্মান্তরের পুণ্য সঞ্চয়পূর্বক বিপসসি বুদ্ধের সময় এক সভ্রান্ত বংশে জন্মগ্রহ করেন। বয়ঃপ্রাপ্ত হলে পুনর্জন্মের সম্ভাবনা তাঁকে উদ্বিগ্ন করে। তিনি ধর্ম শ্রবণ করে সজ্ঞ-- করেন। তিনি ভিক্ষুণী জীবন পালন করতে থাকেন।

ক. মিগার মাতা কে? ১

খ. পূর্ণিকাকে কেন দাসীকর্ম থেকে মুক্তি দেয়া হলো? ২

গ. পূর্ণিকা কিভাবে ব্রাহ্মণকে স্বমতে আনতে সক্ষম হলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পূর্ণিকার জীবনী থেকে আমরা কী শিক্ষালাভ করতে পারি। বৌদ্ধধর্মের আলোকে বর্ণনা কর। ৪

**৭.▶** বৌদ্ধধর্মে ছয়টি সংগীতি অনুষ্ঠিত হয় ভিন্ন ভিন্ন স্থানে। প্রত্যেকটি সংগীতির উদ্দেশ্য এক হলে এদের পটভূমি ভিন্ন ছিল। বুদ্ধবাণী সংরক্ষণের জন্য সঙ্গীতি আহ্বান করা হয়।

ক. কোথায় প্রথম সংগীতি অনষ্ঠিত হয়? ১

খ. বুদ্ধের মহানির্বাণের পর কিভাবে বুদ্ধবাসি প্রচারিত হতো? ২

গ. তৃতীয় সঙ্গীতি কেন আহ্বান করা হলো? ৩

ঘ. বুদ্ধবাণী গ্রন্থাকারে সংকলনে সঙ্গীতির ভূমিকা বর্ণনা কর। ৪

**৮.▶**

| ক্রমিক নং | বংশের নাম | শাসনামল |
|---|---|---|
| ১ | পাল | ৪০০ বছর |
| ২ | মৌর্য | ১৩০ বছর |

ক. মৌর্য বংশের প্রথম রাজা কে ছিলেন? ১

খ. বৌদ্ধধর্মের ইতিহাসে রাজা অজাতশত্রুর নাম অমর কেন? ব্যাখ্যা কর। ২

গ. বৌদ্ধধর্মের প্রচার-প্রসারে মৌর্য বংশের কোন রাজার অবদান তুমি সবচেয়ে বেশি মনে কর? বর্ণনা কর। ৩

ঘ. বৌদ্ধধর্ম প্রচারে পাল রাজাদের অবদান সম্পর্কে তুমি যা জান বর্ণনা কর। ৪

**৯.▶** ঋণি বড়ুয়া একটি ধর্মীয় সংঘের সদস্য হয়েছে। তার সংঘের মূলনীতি হচ্ছে কেউ যদি সংঘের সদস্যদের কোন কিছু দান করে, তাহলে ব্যক্তি নিজের জন্য কিছু গ্রহণ করতে পারবে না। কিন্তু সঙ্ঘের জন্য গ্রহণ করতে পারবে। আলোচ্য সংঘ এমন কতকগুলো ভাবনা শিক্ষা দেয়া হয়। যার প্রভাবে লোভ, লালসা, হিংসা, দ্বেষ ইত্যাদি থেকে সদস্যারা মুক্ত থাকতে পারেন।

ক. শ্রমণ শব্দের অর্থ কী? ১

খ. ভিক্ষু শ্রমণগণ কীভাবে জীবিকা নির্বাহ করেন? ২

গ. ঋষি বড়ুয়ার সংঘের মূলনীতিতে কোন সংঘের কথা বলা হয়েছে? ৩

ঘ. কোন ভাবনার প্রভাবে সদস্যরা লোভ, কাম ইত্যাদি থেকে মুক্ত থাকতে পারে? ভাবনাগুলো বিশ্লেষণ কর। ৪

## ৯. রেলওয়ে পাবলিক হাই স্কুল, চট্টগ্রাম

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০


**১.** ▶ প্রেমলাল তার একমাত্র পুত্রকে সংসারী করতে বিয়ে দেন। কিন্তু তার পুত্র সমল গৃহত্যাগ করতে সংকল্প করে। সে পিতার কাছে চারটি বিষয়ে নিশ্চয়তা চায়। তাহলে সে সংসার ত্যাগ করবে না। প্রেমলাল শর্তগুলো পূরণে অপরাগ হয়ে সন্তানকে গৃহত্যাগের অনুমতি দেন। নতুন সংসার ছেড়ে মহান কর্তব্যের টানে সমল গৃহত্যাগ করেন।

ক. সিদ্ধার্থের সারথীর নাম কী? ১
খ. রাজা শুদ্ধোধন সম্পর্কে কি জান লেখ। ২
গ. সমল গৌতম বুদ্ধের প্রতিনিধি- ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রেমলাল ও সমলের চরিত্রের রাজা শুদ্ধোধন ও সিদ্ধার্থের ঘটনা ফুটে উঠেছে- যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

**২.** ▶ বাঁধন চাকমা দশ পারমী পূর্ণতা সাধনে প্রতিশ্রুতিবদ্ধ। তার জীবনচরণে অনেক পরিবর্তন সাধিত হয়েছে। তার গৃহীত ব্রতটি একটি দীর্ঘমেয়াদি প্রক্রিয়া। এটি জন্ম-জন্মান্তরে অনুশীলন করতে হয়। নিরবচ্ছিন্ন কর্মপ্রচেষ্টার মাধ্যমে এ গুণের অধিকারী হওয়া যায়।


ক. উৎস্যের ভিত্তিতে বোধিসত্ত্বকে কয়ভাগে ভাগ করা হয়েছে? ১
খ. প্রজ্ঞাধিক বোধিসত্ত্ব বলতে কি বুঝ? ২
গ. বাঁধনের মধ্যে কোন সত্ত্বার বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়? ৩
ঘ. উক্ত সত্ত্বার গুণসমূহ বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. দ্বিতীয় সংগীতি কত মাস স্থায়ী হয়? ১
খ. খুদ্দক নিকায় কি? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে কি বসবে? আলোচনা কর। ৩
ঘ. 'ছকের খালি ঘরের বিষয়টি বুদ্ধ শাসনের আয়ু স্বরূপ'– বিশ্লেষণ কর। ৪

**৪.** ▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. বুদ্ধের মুখনিঃসৃত বাণীকে কি বলে? ১
খ. সূত্র নীতিগাথাসমূহ পাঠ করার কারণ কি? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ত্রিরত্ন কোন সূত্রের সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানুষের জীবনে উক্ত সূত্রের প্রভাব ও গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶ সাবাই অং মার্মা একবার পরীক্ষায় খারাপ ফলাফল করে। এর কারণ হিসেবে দেখায় পরীক্ষার আগে সে ঠিক মতো লেখাপড়া করেনি। তার বাবা তাকে বলেন, মানুষ যেমন কর্ম করে তেমন ফল পায়। এর পরবর্তী পরীক্ষায় সে টিক মতো পড়ালেখা করে এবং ভালো ফল করে। কর্মফলের আখ্যা দিতে গিয়ে সবাই অং এর বাবা বিভিন্ন ঐতিহাসিক ঘটনার অবতারণা করেন।

ক. কর্মের বিধানকে কয়ভাগে ভাগ করা যায়? ১
খ. কর্মবাদ বলতে কি বুঝায়? ২
গ. কিভাবে সাবাই অং ভালো ফলাফল করতে সক্ষম হয়–উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. কর্মফলের ব্যাখ্যা স্বরূপ পাঠ্য বইয়ের ঐতিহাসিক ঘটনা নিয়ে একটি নীতিদীর্ঘ রচনা লেখ। ৪

**৬.** ▶ ত্রিদিপ ত্রিপিটক পাঠ করা শেখে, কিন্তু সে এর অনেক শব্দ বোঝে না। কারণ এগুলো অনেক জটিল ও দুর্বোধ্য। সে দাদুর কাছে এর সমাধান চাইলে তিনি তাকে এমন এক সাহিত্য পাঠ করার পরামর্শ দেন যে যার সাহায্যে ত্রিপিটক ও পালি সাহিত্য অনুবাদ করা হয়েছে এবং এখানে ঐ সমস্ত জটিল ও দুর্বোধ্য শব্দের সহজ সরল ব্যাখ্যা দেওয়া হয়েছে। এছাড়া এতে প্রাচীনকালের ইতিহাস বর্ণনা করা হয়েছে।

ক. অট্‌ঠকথা সাহিত্যের প্রধান উপজীব্য বিষয় কি? ১
খ. কিভাবে প্রাচীন ভারত ও শ্রীলংকার গ্রাম ও রাস্তাঘাটের নামকরণ করা হতো? ২
গ. ত্রিদিপ কিভাবে প্রাচীনকালের ইতিহাস ত্রিপিটকের ব্যাখ্যা জানতে পারে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ত্রিদিপ কিভাবে প্রাচীনকালের ইতিহাস ত্রিপিটকের ব্যাখ্যা জানতে পারে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

**৭.** ▶ দুর্জয়ের জীবন আরামেই কাটছিল। হঠাৎ সে কঠিন রোগে আক্রান্ত হয় এবং বিভিন্ন প্রকার দুঃখ পেতে থাকে। এমতাবস্থায় এ দুঃখ, ব্যাধি থেকে সে মুক্তির উপায় খোঁজে। তখন একজন ভিক্ষু তাকে নির্বাণ সাধনা সম্পর্কে ধারণা প্রদান করে। অতঃপর সে এই দুঃখ থেকে মুক্তি পাওয়ার জন্য নির্বাণ সাধনায় মনোনিবেশের প্রতিজ্ঞা করে এবং সুস্থ হয়ে নির্বান সাধনায় একাগ্র হয়।

ক. কোথায় হতে দুঃখের উৎপত্তি? ১
খ. মানুষ কেন অপকর্মে লিপ্ত হয়? ২
গ. দুর্জয় কিভাবে নির্বাণ লাভ করতে পারবে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্য বইয়ের আলোকে নির্বাণ সাধনার প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ প্রশান্ত বড়ুয়া একজন সৎ ব্যবসায়ী। তার বন্ধু নিটোল চাকমাও তার মতো ব্যবসায়ী। কিন্তু সে ছিল ঠকবাজ। একদিন এক ভদ্রমহিলা কতগুলো জিনিস নিয়ে আসেন বিক্রি করার জন্য। তখন নিটোল এগুলোর কোনো মূল্য নেই বলে জানায়। পরে সে প্রশান্তের কাছে যায়। প্রশান্ত জিনিসগুলো দেখে বলে এগুলোর অনেক মূল্য আর আমার কাছে এত টাকা নেই, যে এগুলোর আমি কিনব। তখন মহিলাটি বলল, যা পার তাই তুমি আমাকে দাও। পরবর্তীতে নিটোল তা নিতে চাইলে মহিলা তাকে জানায় সে বিক্রি করে ফেলেছে। তা শুনে নিটোল চাকমা হায়! হায়! করতে লাগল।

ক. জাতক কি? ১
খ. জম্বুদ্বীপবাসীগণ কেন বিস্মিত হয়েছিলেন? ২
গ. নিটোল চাকমার সাথে জাতকের কার চরিত্রের মিল পাওয়া যায়? ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত প্রশান্ত বড়ুয়ার চারিত্রিক গুণাবলী পাঠ্য বইয়ের কোন জাতকের সাথে সাদৃশ্য রয়েছে– বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ কাহিনী-১: সুস্ময় বড়ুয়া একটি শ্রামণ সংঘের প্রধান। তিনি সন্ন্যাস জীবন যাপন করেন। তিনি মনে করেন, পাপ হতে লজ্জার উৎপত্তি। তিনি নিজেকে সমস্ত পাপ থেকে মুক্ত মনে করেন। যার কারণে তিনি বস্ত্র ব্যবহার করেন না।

কাহিনী-২: প্রতাপ চাকমা পেশায় দাস। তিনি তাঁর মালিকের দণ্ডের ভয়ে সন্ন্যাস পথ অবলম্বন করেন। পরবর্তীকালে তিনি নিয়তিবাদ সমর্থন করতেন।

ক. ব্রহ্মার পা থেকে কাদেরকে সৃষ্টি করা হয়েছে? ১
খ. ব্রাহ্মণ ও ক্ষত্রিয়দের কাজের ব্যাখ্যা দাও। ২
গ. কাহিনী-১ এ সুস্ময় বড়ুয়ার মধ্য দিয়ে কার চারিত্রিক গুণাবলী প্রকাশিত হয়েছে- ব্যাখ্যা কর। ৩
ঘ. কাহিনী-২ এ প্রতাপ চাকমার নিয়তিবাদের সমর্থন বলতে কি বোঝ? উদাহরণসহ যুক্তি দাও। ৪

## ১০. চিটাগাং পুলিশ ইনস্টিটিউশন, চট্টগ্রাম

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.** ▶বুদ্ধ ও বোধিসত্ত্ব পরস্পর সম্পর্কযুক্ত দুটি শব্দ। বোধিসত্ত্ব বুদ্ধ নন। তিনি ভাবী বুদ্ধ। যে জ্ঞানে মানুষের উদ্ধার হয় সেই জ্ঞান আয়ত্তের জন্য যে প্রাণী বা সত্ত্বা চেষ্টা করে তাকে বোধিসত্ত্ব বলা হয়। বুদ্ধ হওয়ার জন্য বোধিসত্ত্বকে বিভিন্ন কুলে অসংখ্য বার জন্মগ্রহণ করতে হয় এবং বিভিন্ন পারমী পূরণ করতে হয়।

ক. চার আর্য সত্য কী? ১
খ. 'বোধিসত্ত্ব জন্ম-মৃত্যুর অধীন' কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. বুদ্ধত্ব লাভের উপায় সম্পর্কে মূল পাঠের সাথে তোমার যুক্তি প্রয়োগ কর।৩
ঘ. গৌতম বুদ্ধের বোধিসত্ত্ব জীবন শুরু সম্পর্কে যা জান বিশ্লেষণ কর। ৪

**২.** ▶বৌদ্ধ ভিক্ষু- ভিক্ষুনীদের নিত্য পালনয়ি নিয়ম-কানুন সমৃদ্ধ বিনয় পিটক। বিনয় ছাড়া বুদ্ধ শাসন চলতে পারে না। রাজগৃহের সপ্তপর্নী গুহায় অনুষ্ঠিত প্রথম সংগীতিতে শিষ্যদের মুখ থেকে সংগৃহীত হয় বিনয় পিটক। বিনয় পিটকের রয়েছে পাঁচটি গ্রন্থ। ভীক্ষু-ভিক্ষুনীদের নিয়ম কানুন রক্ষা পিটকের প্রতিটি গ্রন্থ খুবই গুরুত্বপূর্ণ।

ক. বিনয় শব্দের অর্থ কী? ১
খ. আইন বা নীতিশাস্ত্র বিষয়ক বইয়ের মধ্যেও এটির স্থান সবার আগে– ব্যাখ্যা কর। ২
গ. কোন গ্রন্থটি বুদ্ধের জীবনী জানা বা লেখার জন্য খুব প্রয়োজন?এ সম্পর্কে তোমার অভিমত প্রয়োগ কর। ৩
ঘ. বিনয় পিটকের গ্রন্থগুলো সম্পর্কে আলোচনা কর। ৪

**৩.** ▶গৃহী বা প্রব্রজিত বৌদ্ধ মাত্রেই শীল গ্রহণ ও পালন অত্যাবশ্যক। কারণ, শীল সচ্চরিত্র গঠনের প্রধান উপায়। শীল গ্রহণের পদ্ধতি বা নিয়ম আছে। সেগুলো যথাযথ অনুসরণ করে শীল গ্রহণ ও পালন করতে হয়।

ক. শীল অর্থ কী? ১
খ. শীল গ্রহণ অত্যাবশ্যকীয় বিষয়- ব্যাখ্যা কর। ২
গ. বিভিন্ন শীল সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত কর। ৩
ঘ. পঞ্চশীল ও অষ্টশীল পালিতে লেখ। ৪

**৪.** ▶কোন কিছু দান করলে তা নিঃস্বার্থভাবে দান করতে হয়। বৌদ্ধধর্মে দানের গুরুত্ব অপরিসীম। দানযোগ্য বস্তু নির্ধারণ করে সঠিক গৃহীতাকে দান দেয়া গুরুত্বপূর্ণ। সহদায় ও অষ্ট পরিষ্কার দান গৃহে করা যায়। কিন্তু কঠিন চীবর দান করতে হয় যে বিহারে কোন ভিক্ষু বসবাস যাপন করেছেন সেই বিহারে।

ক. দান বিষয়টির সাথে কী জড়িত? ১
খ. অষ্ট পরিষ্কার দানের সুফল কীরকম হতে পারে? বুঝিয়ে লেখ। ২
গ. সংঘ দানের ফল সম্পর্কে বিশ্লেষণ কর। ৩
ঘ. কঠিন চীবর দান দানোত্তম- মূল্যায়ন কর। ৪

**৫.** ▶সূত্র পাঠ চিত্তের একাগ্রতা ও মানসিক শক্তি বৃদ্ধি পায়। কর্মোদ্যম আসে। ভয়-ভীতি, বাধা, বিপদ ও শোক সব দূরীভূত হয়। সৎ কাজ দ্বারা উন্নত জীবন লাভ হয়। মুক্ত মন ও মৈত্রীভাব নিয়ে সূত্র পাঠ করলে মঙ্গল হয়। সকল প্রাণীর প্রতি মৈত্রী পরায়ণ হওয়া উচিত।

ক. উন্নত জীবন কী? ১
খ. সূত্র পাঠ কেন প্রয়োজন বুঝিয়ে লেখ। ২
গ. তথাগত বুদ্ধ বৈশালীতে কী কারণে গিয়েছিলেন ব্যাখ্যা কর। ৩
ঘ. তিনটি গাঁথাসহ করনীয় মৈত্রী সূত্রের সার কথা লেখ। ৪

**৬.** ▶কুশল কর্মের ফল কুশলই হয়। তবে মাঝে মধ্যে ভালো করেও কাউকে লাঞ্ছনা-গঞ্জনা বোঘ করতে দেখা যায়। তবে সৎ লোক সব সময় জয়ী হয়। এ রকম দৃষ্টান্ত আমাদের বৌদ্ধ কর্মের ইতিহাসে অনেক পাওয়া যায়। কুশল ও অকুশল কর্মের প্রভাবে মানুষ পরকালে উন্নত বা নিচুকুল পায়। এ জন্যই বলা হয় কর্মই বন্ধু, কর্মই শত্রু, কর্মই ধর্ম।

ক. সৎ লোক কে? ১
খ. বুদ্ধ ও মৌদগল্যায়নকে কী রকম লাঞ্ছনা সইতে হয়েছে বুঝিয়ে লেখ। ২
গ. কুশল কর্মের ফল শুভ এবং অকুশল কর্মের ফল অশুভ-ব্যাখ্যা কর। ৩
ঘ. চুলন্তকর্ম বিভঙ্গ সূত্র অবলম্বনে বুদ্ধ দেগিত অকুশ কর্মের ফল নিজের মতো করে সাজিয়ে লেখ। ৪

**৭.** ▶বৌদ্ধধর্ম একটি সুপ্রাচীন ধর্ম। গৌতম বুদ্ধ এ ধর্মের প্রবর্তক। তিনি পরিনির্বানের আগে ভারতের বিভিন্ন স্থানে ধর্ম প্রচার করেছিলেন। পরবর্তীকালে এ স্থানগুলো হয়ে উঠেছে তীর্থস্থান। তীর্থস্থানগুলো সাধারন পবিত্র তীর্থস্থান ও মহাতীর্থস্থান নামে পরিচিত।

ক. তীর্থ কাকে বলে? ১
খ. তীর্থস্থানের গুরুত্ব বুঝিয়ে লেখ। ২
গ. সাধারণ তীথস্থান ও মহাতীর্থস্থান এ রকম নামকরনের কারণ ব্যাখ্যা করে তোমার পছন্দের তীর্থের বর্ণনা দাও। ৩
ঘ. তীর্থ ও মহাতীর্থের পরিচিতিসহ এগুলোর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶বৌদ্ধধর্মের সাথে সংগীতি গভীরভাবে সম্পর্কিত। ভগবান বুদ্ধের পরিনির্বাণের পর তার কিছু অর্থ শিষ্য বিভিন্ন সময় বিভিন্ন স্থানে ধর্ম সম্মেলন অনুষ্ঠানের আয়োজন করেন। এসব ধর্ম সম্মেলন বৌদ্ধ ধর্মে সংগীতি নামে পরিচিত।

ক. সংগীতি কাকে বলে? ১
খ. কেন সংগীতি আহ্বান করা হয়? বুঝিয়ে লেখ। ২
গ. বুদ্ধের শিষ্যরা তার বাণীগুলো সংরক্ষন করতেন- ব্যাখ্যা কর। ৩
ঘ. সংগীতি কেন অনুষ্ঠিত হয়েছিল বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶অষ্টাদশ শতাব্দীতে বড়ুয়ারা চট্টগ্রামের বিভিন্ন অঞ্চলে বাস করত। ধারণা করা হয়, বড়ুয়ারা মগধ থেকে প্রথমে চট্টগ্রামে আসেন। তারপর বাংলাদেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়েন।

ক. বৌদ্ধদের ধর্মগুরুকে কী বলা হয়? ১
খ. সাতকানিয়া ও শাকপুরা নাম দুটি কোন শব্দ থেকে এসেছে মনে করা হয়?২
গ. বড়ুয়াদের চট্টগ্রাম আগমন সম্পর্কে তোমার বুদ্ধিমত্তা প্রয়োগ কর। ৩
ঘ. চাকমা, মারমা ও রাখাইনদের আগমন কিভাবে ঘটে বর্ণনা দাও। ৪

## ১১. চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় স্কুল এন্ড কলেজ

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.** ▶ কৌশিক বড়ুয়া রিনা চৌধুরীকে বিয়ে করে সংসার করছে। তাদের মনে কোনো শান্তি ছিল না। কারণ তাদের কোনো সন্তান ছিল না। একদিন রাত্রে রিনা চৌধুরী ঘুমিয়ে পড়লেন এবং সুন্দর একটি স্বপ্ন দেখলেন। জোতিষীর স্বপ্নের ব্যাখ্যায় বললেন রিনা চৌধুরী পুত্র সন্তানের মা হলেন।

ক. বৌদ্ধ ধর্মের প্রবর্তক কে? ১
খ. গৌতম বুদ্ধ মহা কারুনিক নামে খ্যাত হন কেন? ২
গ. উদ্দীপকের ঘটনাটি কোন দম্পতির ক্ষেত্রে প্রযোজ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পুত্রটি ছিল মহামানব তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**২.** ▶ কমলের মধ্যে বুদ্ধ ও বোধিসত্ত্বের মধ্যে পার্থক্য নিয়ে সমস্যা আছে। সে দুটি শব্দকে একই বলে মনে করে। কমলের বিষয়টি জানতে পেরে শিক্ষক বলেন বুদ্ধ ও বোধিসত্ত্বের মধ্যে বেশ পার্থক্য রয়েছে। তবে একটি অপরটির পরিপূরক। তিনি আরও বলেন বুদ্ধত্ব অর্জনের সাধনা একটি অঙ্গীকার পার্থ পরিক্রমার মতো।

ক. বুদ্ধের গুণগুলো, কয়টি পর্যায়ে ভাগ করা যায়? ১
খ. বুদ্ধের প্রকারভেদ লিখ। ২
গ. উদ্দীপকের আলোকে বুদ্ধ ও বোধিসত্ত্বের মধ্যে পার্থক্য নিরাপন কর। ৩
ঘ. বুদ্ধত্বের সাধনা একটি অঙ্গীকার বন্ধ পরিক্রমার মতো শিক্ষকের উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ সবুজ ধর্মীয় গ্রন্থ পাঠ করছিল। সে ধর্মীয় গ্রন্থটির তৃতীয় শেষ ভাগ পাঠ করছিল। এই তৃতীয় ভাগটি সাতভাগে বিভক্ত। সাতভাগের প্রথমটিতে ধর্মের শ্রেণি বিভাগ বা ধর্মের ব্যাখ্যা রয়েছে। তবে সাতভাগের পঞ্চম ভাগটি অন্যতম মূল্যবান গ্রন্থ।

ক. যমক গ্রন্থটিতে কয়টি অধ্যায় আছে? ১
খ. বিভঙ্গ গ্রন্থটি সম্পর্কে লিখ। ২
গ. উদ্দীপকের বর্ণিত সাতভাগের প্রথমটি কোন গ্রন্থের সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সাতভাগের পঞ্চম গ্রন্থটিতে কথা বথ্থুর সাথে সাদৃশ্য স্বরূপ ফুটে উঠেছে তোমার মতামত দাও। ৪

**৪.** ▶ অপু একজন কৃষক। অনা বৃষ্টির কারণে সে এ বছর কোনো ফসল ফলাতে পারেনি। এর ফরে অনাহারে তার পরিবারের প্রায় সবাই মারা যায়। তাদের রাজ্যে দুর্ভিক্ষ, অমনুষ্য ও মহামারী ও তিন উপদ্রব দেখা দিয়েছে।

ক. বৈশালী কাদের গণরাজ্য ছিল? ১
খ. করণীয় মেত্রী সূত্র পাঠ করতে হয় কেন? ২
গ. উদ্দীপকের ঘটনাটির সাথে কোন সূত্রের সংশ্লিষ্টতা রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সমস্যা কি উক্ত সূত্রের মাধ্যমে সমাধান করা সম্ভব? তোমার মতামত উপস্থাপন কর। ৪

**৫.** ▶ অপু চাকমা বিভিন্ন ধরনের পশু পাখি শিকার করে সেগুলোকে হত্যা করে পৈশাচিক আনন্দ পায় এবং মজা করে খায়। এছাড়া সে তার এলাকার লোকদের প্রতি ঈর্ষাপরায়ন এবং তাদেরকে সে হিংসা করে সে কাউকে কিছু দান করে না। বরং কেউ কিছু দান করলে তার উপর রাগ করে। একদিন এক ভিক্ষু তাকে এসব ত্যাগ করে সৎপথে আসার পরামর্শ দেয়।

ক. কোন সময়ে কুশল কর্ম উৎপন্ন হলেই তার গতি সৎ হয়? ১
খ. তোদেয়্যপুত্র শুভ মানবক কর্তৃক বুদ্ধ প্রতিষ্ঠিত সংঘের শরণ গ্রহণের কারণ কি? ২
গ. অনু চাকমার কর্মগুলো কোন সূত্রের সাথে মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আচরণ সামাজিক জীবনে কোন ধরনের প্রভাব ফেলবে। আলোচনা কর। ৪

**৬.** ▶ সুমন বড়ুয়া দুবিনীত কিছু ভিক্ষুর অভিপ্রায় শুনে বিস্মত হন। তিনি এবং নেতৃস্থানীয় কিছু ভিক্ষু বুদ্ধবানী সংরক্ষণের কথা চিন্তা করলেন। এ চিন্তা থেকেই বুদ্ধবানী সংকলনের প্রয়োজনীয় উপলব্ধি করে প্রথম সংগতির আহ্বান করা হয়।

ক. ভিন্ন ভিন্ন স্থানে কয়টি সংগীতি অনুষ্ঠিত হয়? ১
খ. বুদ্ধের মৃত্যুর সাথে পাঠ্য বইয়ের কার মিল পাওয়া যায়- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সাথে পাঠ্য বইয়ের কার মিল পাওয়া যায়– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত প্রথম সংগীতির কার্যক্রম পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶ বৌদ্ধ ধর্মের শিক্ষক অসীম চাকমা তার ছাত্র-ছাত্রীদের বাংলাদেশের বৌদ্ধদের ইতিহাস ঐতিহ্যের কথা বলতে গিয়ে বললেন ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বৌদ্ধরা বাংলাদেশের হয়ে যুদ্ধে অংশ নেয়। এছাড়া প্রাচীন বৌদ্ধ বিহারের ধ্বংশাবশেষ সমূহ বাংলাদেশের ঐতিহ্যকে বিশ্ব দরবারে প্রত্নতাত্ত্বিকদের নজর কেড়েছে।

ক. কত সালে বাংলাদেশ সরকার বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট গঠন করেছে? ১
খ. বাংলাদেশের ইতিহাস জানতে হলে পাশাপাশি কাদের ইতিহাস নাম দরকার? ২
গ. বাংলাদেশে স্বাধীনতা যুদ্ধে কেন বৌদ্ধরা অংশগ্রহণ করেছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রত্নতাত্ত্বিক দিক থেকে বৌদ্ধ বিহারের ঐতিহ্যগত অবদান আলোচনা কর। ৪

**৮.** ▶ মনি বড়ুয়া একটি ধর্মীয় প্রতিষ্ঠান গড়ে তোলেন যার প্রাথমিক সদস্য হওয়ার জন্য সাত বছর হতে হয় এবং পূর্ণ সদস্য হওয়ার জন্য প্রয়োজন বিশ বছর। উক্ত ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে এমন কতগুলো চিন্তাভাবনার প্রতি উদ্বুদ্ধ করা হয়। যা করলে লোভদ্বেষ মোহ ধ্বংস হয়।

ক. ভিক্ষু শ্রমনদের কয়টি কাজ হতে বিরত থাকতে হয়? ১
খ. ভিক্ষু শ্রমনদের নিত্য ব্যবহার্য দ্রব্য সম্পর্কে বুঝিয়ে লেখ। ২
গ. মনি বড়ুয়ার প্রতিষ্ঠানটির সদস্য হওয়ার দিকটির সাথে বৌদ্ধ ধর্মের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. কোন ভাবনার প্রভাবে ব্যক্তির লোভ? দেষ এবং মোহ ধ্বংস হয়? বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ নবম শ্রেনির বৌদ্ধধর্মের শিক্ষক সজল চাকমা তার ছাত্র-ছাত্রীদেরকে কতকগুলো নিত্য করণীয় বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ করে বলেন, মানুষ সহজেই তৃষ্ণার জালে আবদ্ধ হয়। মানুষ চিত্তকে সংযত করতে না পারলে তৃষ্ণা হতে মুক্তি লাভ করতে পারবে না। আর মানবজাতিকে তৃষ্ণা থেকে মুক্তির করার জন্য গৌতম বুদ্ধ নিত্য কর্মের দুটি স্তরের কথা বলেছেন।

ক. সেখিয়া অর্থ কি? ১
খ. মুদিতা ভাবনা বলতে কি বুঝ? ২
গ. উদ্দীপকের মানবচিত্তের যে তৃষ্ণার কথা বলা হয়েছে তা থেকে যুক্তি প্রথম স্তর কোনটি ব্যাখ্যা কর। ৩
ঘ. বুদ্ধ নিবেশিত তৃষ্ণা থেকে মুক্তির দ্বিতীয় স্তরের প্রভাব বিশ্লেষণ কর। ৪

## ১২. সীতাকুন্ড আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.** ▶ প্রকাশ তার বাবা-মায়ের একমাত্র সন্তান। জন্মের পর তাকে দেখে এক সন্ন্যাসী তার বাবা-মাকে বলেন, এ বালক পরমজ্ঞানী হয়ে গৃহত্যাগের মাধ্যমে জগৎ নন্দিত হবে। মা, অশ্রু বিসর্জন করলে সন্ন্যাসী বললো, সে তো তোমার পরমভাগ্য মা। প্রকাশ শৈশবেই চৌষট্টি প্রকার লিপি বিদ্যায় পারদর্শিতা অর্জন করে অনন্য প্রতিভার সাক্ষর রাখেন।

ক. কত বছর কঠোর সাধনায় সিদ্ধার্থ বদ্ধত্ব লাভ করেন? ১

খ. গৌতম বুদ্ধ কীভাবে বুদ্ধত্ব লাভ করেন। ২

গ. উদ্দীপকের প্রকাশের সাথে কোন মনীষীর সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মনীষীর সাথে উদ্দীপকের সাদৃশ্য থাকলেও তা পরিপূর্ণ নয়। তোমার উত্তরে সপক্ষে যুক্তি দেখাও। ৪

**২.** ▶ পিয়ালের বাবা তাকে একটি বই উপহার দেন। বইটির নাম জন্মকথা। বইটিতে ২৮ জন মনীষীর সম্পর্কে আলোচিত হয়েছে। সে জানতে পারে যে, একজন মনীষীর পর অন্য মনীষীর আগমনের মধ্যে মনীষীর শেষ মনীষীর খ্রি. পূর্ব ষষ্ঠ শতকে আবির্ভূত হয়েছিলেন।

ক. বোধিস্বত্ব কত প্রকার? ১

খ. শ্রাবক বোধিসত্ত্ব বললে কী বুঝ? ২

গ. পিয়ালের গঠিত জন্মকথা গ্রন্থটির সাথে বৌদ্ধ সাহিত্যের কোন গ্রন্থের সাদৃশ্য আছে? ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত শেষ মনীষী ছিল গৌতম বুদ্ধ। বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ 'ক' পিটকটি পাঁচ ভাগে বিভক্ত। এর প্রথম ভাগটিতে সর্বমোট চৌত্রিশ সূত্র আছে। দ্বিতীয় ভাগে ১৫২টি সুত্র আছে। শেষ ভাগটি ষোলটি গ্রন্থের সমন্বয়ে গঠিত।

ক. বট্টগামিনী কোন দেশের রাজা ছিলেন? ১

খ. খুদ্দক কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রথম ও দ্বিতীয় ভাগটি কোন গ্রন্থকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের উল্লেখিত শেষ ভাগটিতে খুদ্দক নিকায়ের বৈশিষ্ট্য বিদ্যমান- যৌক্তিকতা নিরূপণ কর। ৪

**৪.** ▶ পারমিতা বড়ুয়া দশম শ্রেণির মেধাবী শিক্ষার্থী। সে তার মাতা-পিতার একমাত্র সন্তান। হঠাৎ সে গাড়ি দুর্ঘটনায় মৃত্যুবরণ করার পর তাদের বাড়িতে বিভিন্ন ধরনের অশুভ আভাস অনুভব করেন।

ক. বৈশালী বর্তমানে কীভাবে পরিচিত? ১

খ. সূত্র পাঠ করার উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. উল্লেখিত ঘটনার বিষয় কোন সূত্রের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সূত্র পাঠ ব্যতীত পরিস্থিতি নিরস সম্ভবন নয়। বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶ দীলিপ ও রূপন একই স্কুলে পড়ে। দীলিপ সবাইকে সম্মান করে এবং সকলের সাথে ভালো ব্যবহার করে। সাধ্য অনুযায়ী বন্ধুদের সাহায্য করে। ভিক্ষুদের গভীরভাবে সম্মান করে। কিন্তু রূপন কারো সাথে ভালো ব্যবহার করে না। হিংসা, লোভ, মাৎসর্যই তার চারিত্রিক বৈশিষ্ট্য।

ক. 'কুশল কর্ম' সম্পাদন করতে হলে কী প্রয়োজন? ১

খ. বোধিসত্ত্ব মৃত্যুর পর কোন রাজপুত্র হয়ে জন্ম নেয়? ২

গ. দীলিপের কর্মকান্ডের সাথে কোন ধরনের এবং কার কর্মের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. মানবজীবনে উদ্দীপকে উল্লেখিত উভয় ধরনের কর্মের প্রভাব আলোচনা কর। ৪

**৬.** ▶ রাহুল ত্রিপিটক পাঠ করা শেখে, কিন্তু সে এর অনেক কথা বোঝে না। কারণ এগুলো অনেক জটিল ও দুর্বোধ্য। তার দাদু তাকে ত্রিপিটকের শব্দসমুহের সঠিক ও সহজ অনুবাদ। উচ্চারণ শেখার জন্য অন্য একটি সাহিত্যপাঠ করার জন্য পরামর্শ দেন। রাহুল সহায়ক গ্রন্থ হিসেবে এটি বেছে নেয় এবং ত্রিপিটকের ঐতিহাসিক গুরুত্ব উপলব্ধি কর।

ক. অট্ঠকথা সাহিত্যের প্রধান উপজীব্য বিষয় কী? ১

খ. কীভাবে প্রাচীন ভারত ও শ্রীলঙ্কায় গ্রাম ও রাস্তাঘাটের নামকরণ করা হতো? ২

গ. রাহুল কীভাবে প্রাচীনকালের ইতিহাস ত্রিপিটকের ব্যাখ্যা জানতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সাহিত্যে প্রাচীন ইতিহাস রচনার গুরুত্বপূর্ণ উৎস। তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**৭.** ▶ অনিক বড়ুয়া সঙ্ঘ থেকে বহিষ্কৃত হওয়ার পরও রজ্জিপুত্রীয় ভিক্ষুদের প্রচলিত দশটি প্রথা বিনয় সংগত কিনা এ সিদ্ধান্ত নেওয়ার জন্য দ্বিতীয় সঙ্গীত আহ্বান করেন। তিনি রজ্জিপুত্রীয় ভিক্ষুদের বিনয়বহির্ভূত কর্মকাণ্ড থেকে বিরত থাকার অনুরোধ করেন।

ক. বৌদ্ধধর্ম ভারতবর্ষে ব্যাপক প্রসার লাভ করে কার সহায়তায়? ১

খ. প্রথম সঙ্গীতি কীভাবে বৌদ্ধধর্মে ভূমিকা রাখে? ২

গ. উদ্দীপকে আলোচিলত দ্বিতীয় সঙ্গীতির কার্যক্রম পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত কর্মকান্ডের ফলাফল বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ বৌদ্ধধর্মের শিক্ষক রতন চাকমা তার বলেন, ছাত্র-ছাত্রীদের বাংলাদেশে বৌদ্ধধর্মের ইতিহাস ঐতিহ্যের কথা বলতে গিয়ে ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বৌদ্ধরা বাংলাদেশের হয়ে যুদ্ধে অংশ নেয়। এছাড়া প্রাচীন বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষসমূহ বাংলাদেশের ঐতিহ্যকে বিশ্বদরবারে প্রত্নতাত্ত্বিকদের নজর কেড়েছে।

ক. কত সালে বাংলাদেশ সরকার বৌদ্ধধর্মীয় কল্যাণ ট্রাস্ট গঠন করে? ১

খ. বাংলাদেশের ইতিহাস জানতে হলে পাশাপাশি কাদের ইতিহাস জানা দরকার? ২

গ. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কেন বৌদ্ধরা অংশগ্রহণ করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রত্নতাত্ত্বিক দিক থেকে বৌদ্ধ বিহারের ঐতিহ্যগত অবদান আলোচনা কর। ৪

**৯.** ▶ মনি চাকমা একটি ধর্মীয় প্রতিষ্ঠান গড়ে তোলেন। যার প্রাথমিক সদস্য হওয়ার জন্য সাত বছর হতে হয় এবং পূর্ণ সদস্য হওয়ার জন্য প্রয়োজন বিশ বছর। উক্ত ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে এমন কতগুলো চিন্তাভাবনার প্রতি উদ্বুদ্ধ করা হয়, যা করলে লোভ-দ্বেষ-মোহ ধ্বংস হয়।

ক. ভিক্ষু শ্রমনদের কয়টি কাজ হতে বিরত থাকতে হয়? ১

খ. ভিক্ষু শ্রমনদের নিত্যব্যবহার্য দ্রব্য সম্পর্কে বুঝিয়ে লেখ। ২

গ. মনি চাকমার প্রতিষ্ঠানটির সদস্য হওয়ার দিকটির সাথে বৌদ্ধধর্মের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. কোন ভাবনার প্রভাবে ব্যক্তির লোভ, দ্বেষ এবং মোহ ধ্বংস হয়। বিশ্লেষণ কর। ৪

## ১৩. সীতাকুন্ড বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.** ▶ নিচের তথ্য ছকটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| ক্রমিক | বিষয় | ঘটনা |
|---|---|---|
| ১. | জন্ম | বোধি বৃক্ষের নিচে |
| ২. | পিতৃভূমি | কপিলাবস্তু |
| ৩. | বিবাহবন্ধন | ষোল বছর বয়সে |
| ৪. | তপস্যা | ছয় বছর |


ক. কে হাঁসটিকে তীর বিন্ধ করেন? ১
খ. ঋষি অসিতের ভবিষ্যদ্বাণী কী ছিল? ব্যাখ্যা কর? ২
গ. প্রদর্শিত তথ্য ছকটি কার ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা কর? ৩
ঘ. তথ্য ছকে বর্ণিত মনীষী "ছয় বছরের তপস্যায় মধ্যম পথ অবলম্বনের মাধ্যমে জ্ঞানলাভে সমর্থ হন।" এ বক্তব্যের সাথে তুমি কি একমত? যুক্তি প্রদর্শন কর? ৪

**২.** ▶ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ

| | | |
|---|---|---|
| পারমীচর্চা গতিশীল | স্বীয় সাধানায় অর্হত্বফল লাভ করেন | সম্যক সম্বুদ্ধের অনুসারী লাভী শ্রেষ্ঠ সীবলী |
| ছক-১ | ছক-২ | ছক-৩ |


ক. জগতে কার আবির্ভাব অত্যন্ত দুর্লভ? ১
খ. বুদ্ধগুণ অচিন্তনীয় কেন? সংক্ষেপে ব্যাখ্যা কর? ২
গ. ছক-১ এ কাদের বৈশিষ্ট নির্দেশ করছে ব্যাখ্যা কর? ৩
ঘ. ছক-২ ও ৩ যাঁদেরকে নির্দেশ করছে তাদের কর্মকান্ডের তুলনামুলক পার্থক্য বিশ্লেষণ কর? ৪

**৩.** ▶ নিচের ছকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. দ্বিতীয় সঙ্গীত কত মাস স্থায়ী হয়? ১
খ. খুদ্দক নিকায় কী? বুঝিয়ে লেখ? ২
গ. উদ্দীপকের ( ? ) চিহ্নিত স্থানে কী বসবে? আলোচনা কর? ৩
ঘ. 'ছকের খালি ঘরের বিষয়টি বুদ্ধ শাসনের আয়ু'-বিশ্লেষণ কর? ৪

**৪.** ▶ নিচের ছকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ





ক. বুদ্ধের মুখ নিঃসৃত বাণীকে কী বলে? ১
খ. সূত্র ও নীতি গাথাসমূহ পাঠ করার কারণ কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ত্রিরত্নে কোন সুত্রের সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা কর? ৩
ঘ. মানুষের জীবনে উক্ত সুত্রের প্রভাব ও গুরুত্ব বিশ্লেষণ কর? ৪

**৫.** ▶ পার্থ একবার পরীক্ষায় খারাপ ফলাফল করে। এর কারণ হিসেবে দেখায় পরীক্ষায় আগে সে ঠিকমতো পড়ালেখা করেনি। তার বাবা তাকে বলেন, মানুষ যেমন কর্ম করে তেমন ফল পায়। এরপর পরবর্তী পরীক্ষায় সে ঠিকমতো লেখাপড়া করে এবং ভালো ফল করে। কর্মফলের ব্যাখ্যা দিতে গিয়ে পার্থের বাবার বিভিন্ন ঐতিহাসিক ঘটনার অবতারণা করেন।

ক. কর্মের ফল বিবেচনায় কর্ম বিধানকে কয় ভাগে ভাগ করা যায়? ১
খ. কর্মবাদ বলতে কী বোঝ? ২
গ. কীভাবে পার্থ পরীক্ষায় ভালো ফলাফল করতে সক্ষম হয়-উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর? ৩
ঘ. কর্মফলের ব্যাখ্যাস্বরূপ পাঠ্যবইয়ের ঐতিহাসিক ঘটনাটি বিশ্লেষণ কর? ৪

**৬.** ▶ নিচের ছকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ




ক. গুরুত্ব বিচারে অট্ঠকথাকে কয় ভাগে ভাগ করা হয়? ১
খ. অট্ঠকথা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর? ২
গ. '?' চিহ্নিত স্থানে পাঠ্যবইয়ের অট্ঠকথাচার্য কার ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা কর? ৩
ঘ. উক্ত আচার্য বৌদ্ধধর্মের সাহিত্য কর্মে অশেষ অবদান রাখতে সক্ষম হন- তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহকারে বিশ্লেষণ কর? ৪

**৭.** ▶ পুলক বড়ুয়া তার পাঠ্যপুস্তক থেকে জানতে পারে, বুদ্ধের মহাপরিনির্বাণের পর তার বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা বাণীসমূহ একত্রে সংকলন করা হয়।

ক. বিনয় বুদ্ধ শাসনের কীসের স্বরূপ? ১
খ. প্রথম সঙ্গীতি আহবান করা হয় কেন? ২
গ. উদ্দীপকে আলোচিত বিষয়টি ব্যাখ্যা কর? ৩
ঘ. উদ্দীপকে আলোচিত সঙ্গীতির গুরুত্ব পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর? ৪

**৮.** ▶ পানিপাড়া গ্রামের অধিবাসীরা যে কোনো বিষয়ে একসাথে মিলিত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন। ওরা ছোট-বড়, মা-বোনদের সম্মান করেন। গ্রামে ভিক্ষুরাও একত্রে তাদের কর্তব্য পালন করেন এবং বুদ্ধের নীতিমালা পালন করতে সচেষ্টা থাকেন।

ক. বুদ্ধ পরাভব সূত্রে পরাজয়ের কয়টি কারণ নির্দেশ করেছেন? ১
খ. মৃত ব্যক্তিকে দর্শন করতে হয় কেন? সংক্ষেপে ব্যাখ্যা কর? ২
গ. পানিপাড়া গ্রামের অধিবাসীদের কর্মকান্ড বৌদ্ধ ভিক্ষুত্ব গৃহীদের কোন বিধি বিধানে ইঙ্গিত বহন করে? বর্ণনা কর? ৩
ঘ. পানিপাড়া গ্রামের উক্ত কর্মকান্ড নিজের এবং দেশের জন্য কী বয়ে আনে, তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর? ৪

**৯.** ▶ রাঙ্গুনীয়ার পৌর মেয়র সুদর্শন চৌধুরী সত্যবাদিতা ও দানশীলতায় অতুলনীয় ছিলেন। সকল ধর্মের প্রতি তাঁর শ্রদ্ধা ছিল। তিনি মুক্ত হাতে দান দিতে পছন্দ করতেন। তাঁর এলাকায় গরিব দুঃখীরা কোন অবস্থায় আছেন, তাদের খোঁজ খবর নিতেন এবং সমস্যা সমাধানের সচেস্ট হতেন।

ক. মৌর্য বংশের প্রথম রাজা কে ছিলেন? ১
খ. অজাতশত্রু পিতাকে হত্যা করে অনুতপ্ত হলেন কেন? ২
গ. মেয়র সুর্দশন চৌধুরীর সাথে বুদ্ধের সময় কালের কোন রাজার চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে ওঠেছে? ব্যাখ্যা কর? ৩
ঘ. মেয়র সুদর্শন চৌধুরীর কর্মকান্ডের উদ্দেশ্য ছিল বুদ্ধের কল্যাণকর বাণীর প্রতি এলাকাবাসীদের আকৃস্ট করা – উক্তিটির যথার্থতা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর? ৪

## ১৪. বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.▶** ভূপেন্দ্র সিংহ প্রতিদিন অবসর সময়ে ধর্মীয় বই পড়েন। পড়ার জন্য তিনি গৃহে দীর্ঘ নিকায়, মজঝিম নিকায়, সংযুক্ত নিকায়, জাতক ও থেরগাথা সংরক্ষণ করেন। বই পড়ে তিনি অসীম আনন্দ উপভোগ করেন।

ক. পালি ভাষার উৎপত্তি কোথায়? ১
খ. বুদ্ধ পালি ভাষায় ধর্ম প্রচার করেন কেন? ২
গ. ভূপেন্দ্র সিংহ সংরক্ষিত বইগুলো যে পিটকের অন্তর্গত তাহা ব্যাখ্যা প্রদান কর। ৩
ঘ. ভূপেন্দ্র সিংহ সংরক্ষিত বইগুলো ত্রিপিটকের সমগ্র গ্রন্থকে ব্যক্ত করে না- এই কথাটির সাথে তুমি কি একমত সপক্ষে যুক্তি দাও। ৪

**২.▶** কাহিনী ১. সাগর বড়ুয়া স্কুল থেকে রাঙ্গামাটিতে শিক্ষাসফরে গেলেন। সেখানে গিয়ে দেখলেন। কিছু শিকারী বন্যপশু শিকার করছে। সাগর বড়ুয়া দেখতে পেয়ে বাধা দেন এবং প্রাণী হত্যা মহাপাপ তা বুঝানোর চেষ্টা করেন।
কাহিনী-২. পাহাড়ী গ্রামের সার্বজনীন মৈত্রী বিহারের বিহারাধ্যক্ষ শ্রদ্ধেয় দেবমিত্র ভান্তে উপাসকদের গৌতম বুদ্ধে শিষ্য ও প্রশিষ্যদের জীবন কাহিনী সম্পর্কে দেশনা করেন।

ক. গৌতমের সারথি কে ছিলেন? ১
খ. অশোক ভান্ত বিতরণ উৎসব কী? ব্যাখ্যা কর। ২
গ. কাহিনী-১ এ গৌতমের বাল্যজীবনের কোনদিক ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কাহিনী-২ এ শ্রদ্ধেয় ভান্তের দেশনার শ্রাবক বুদ্ধের ইঙ্গিত পাওয়া যায়। কথাটির সাথে তুমি কী একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** প্রজ্ঞাজ্যোতি স্থবির এক সপ্তাহব্যাপী প্রতিদিন বিকালে বিহারে ধর্ম দেশনা করেন। ধর্ম দেশনার বিষয় হল চিত্ত ও চৈতসিকের পরিচয়। জড় পদার্থের পুদ্গল বা ব্যক্তি বিশেষের পরিচয় এবং প্রতীত্য সমুৎপাদ নীতি তাঁর দেশনা শুনে গ্রামবাসী খুবই উপকৃত।

ক. ত্রিপিটক কোন ভাষায় রচিত? ১
খ. বিনয়ছাড়া বুদ্ধের শাসন চলতে পারে না কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকগুলো উল্লিখিত প্রজ্ঞাজ্যোতি স্থবিরের ধর্মদেশনার বিষয়গুলো যে পিটকের অন্তর্গত হয় ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত বিষয়গুলো বুদ্ধের দেশিত ধর্মের অংশ বিশেষ- উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৪.▶** সুজন বড়ুয়া শীলবান ব্যক্তি এবং নিয়মিত দান করেন। তিনি নিজে যা খান এর চেয়েও উৎকৃষ্ট মানের খাদ্য দান করেন। একদিন তার বাড়িতে এক পচ্চেক বুদ্ধ পিন্ডাচরণে এসেছেন তখন তিনি অত্যন্ত শ্রদ্ধার সহিত বুদ্ধের ভিক্ষাপাত্রে অন্ন-পানীয় দান করেন।

ক. কঠিন চীবর দান কোথায় অনুষ্ঠিত হয়? ১
খ. দান সব সময় প্রসন্ন চিত্তে করা উচিত কেন? ব্যাখ্যা কর। ২
গ. সুজনকে কোন ধরনের দাতা বলা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুজনের দানটি মহাফলদায়ক-উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৫.▶** বান্দরবানের শ্রদ্ধেয় "উত্তম স্যার ছেয়াদ" জীবিত অবস্থায় ধর্ম ও বিনয়ে অপমত্ত হয়ে বিচরণ করেন। তিনি অহংবোধ রাগ, দ্বেষ, মোহ, কু-প্রবৃত্তির দমন এবং সর্বপ্রকার তৃষ্ণা থেকে মুক্ত হয়ে অর্হৎফল লাভ করেন। পরিণত বয়সে তিনি মহাপরিনির্বাণ লাভ করেন।

ক. নির্বাণ শব্দের সাধারণ অর্থ কী? ১
খ. নির্বানন্দকে পরম সুখ বলার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. "শ্রদ্ধের উত্তম স্যার ছেয়াদ" জীবিত অবস্থায় যে নির্বাণ লাভ করেছেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত অনুচ্ছেদে শ্রদ্ধেয় 'উত্তম স্যার ছেয়াদ' অর্হৎ প্রাপ্তির পর নির্বাণকে কীভাবে উপলব্ধি করেছেন তা ধর্মীয় আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬.▶** অনিতা বিত্তশালী পরিবারের কন্যা। সে খুবই সন্দুরী পিতামাতা তাকে সুপাত্রের নিকট বিবাহ দেয়। কিছুদিন পর তার এক কন্যা সন্তান জন্ম নেয়। সন্তানটির চেহারা কুৎসিৎ। কয়েক বছর পর সন্তানটি মারা যায়।

ক. বুদ্ধকে কর্ম সম্পর্কে প্রশ্ন করেছিলেন কে? ১
খ. যে কোন একটি কর্মের বিধান ব্যাখ্যা কর। ২
গ. অনিতার জীবনে কর্মের কোন নিয়মটি কার্যকর হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অনিতার সন্তানের কুৎসিৎ চেহারা এবং অল্পবয়সে মারা যাওয়া পূর্ব জন্মের কোন জাতীয় কর্মের বিপদ হতে পারে? বিশ্লেষণ কর। ৪

**৭.▶** অংসিনু মারমা সুপুরুষ ছিলেন। তার বাবা তাকে খুবই সুন্দরী এক রমনীর সাথে বিয়ে দেবার মনস্থির করলেন। অংসিনু মারমা ভাবী পত্নীকে খুবই পছন্দ করতেন। একদিন তাদের এলাকায় শ্রদ্ধেয় বন ভান্তের শিষ্য দেশনা করলেন। সংসার হচ্ছে তৃষ্ণা বিষাদ, ভয় দৈন ও মনোকস্টে ভরা, দেশনা শুনে অংসিনুর মনে সংসারের প্রতি বিতৃষ্ণা সৃষ্টি হল। প্রথমে ভাবী পত্নীর জন্য খারাপ লাগলেও মার্গলাভী ভান্তের প্রচেষ্টায় বুদ্ধের প্রদর্শিত পথ অনুসরণ করেন।

ক. 'অটঠ প্রথা' বাংলা অর্থ কী? ১
খ. বুণ্ঠুল মল্লিকাকে বাপের বাড়িতে চলে যেতে বললেন কেন? সংক্ষেপে ব্যাখ্যা কর। ২
গ. অংসিনু মারমার সাথে 'অটঠকথার' কার চরিত্রের ইঙ্গিত পাওয়া যায় ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পথ অনুসরণে অংসিনু মারমা কী ধরনের ফল প্রাপ্ত হতে পারে বিশ্লেষণ কর। ৪

**৮.▶** চার্ট-১ ক্রমিক নং
১. অংশগ্রহণকারীর সংখ্যা ৫০০ জন, ২. কার্যকাল ৪ মাস
চার্ট নং ২ঃ ক্রমিক নং
১. সভাপতি মোগগলী পুর তিষ্য, ২. পৃষ্ঠপোষক সম্রাট আশোক

ক. দ্বিতীয় সঙ্গীতি কয় মাস চলেছিল? ১
খ. বৌদ্ধধর্মে সঙ্গীতির আহ্বানের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. চার্ট-১ এ বর্ণিত তথ্যটি কোন সঙ্গীতের ক্ষেত্রে প্রযোজ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. সংগীতের আয়োজনে চার্ট২ নং এর উল্লিখিত ব্যক্তিদ্বয়ের ভূমিকা পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.▶**

| ছক-১ | ছক-২ |
|---|---|
| তীর্থস্থানের বৈশিষ্ট্য সিদ্ধার্থের জন্মস্থান অশোক স্তম্ভ, বিশাল অনেন | তীর্থস্থানের অবস্থান ভারতের বিহার রাজ্যে, বুদ্ধ তিনবার বর্ষাবাস যাপন করেন এবং বিম্বিসারের মারাগৃই |

ক. মহাতীর্থ কয়টি? ১
খ. বুদ্ধ গয়াকে মহাতীর্থ বলার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. ছক-১ এ বর্ণিত যে মহাতীর্থ স্থানের ইঙ্গিত পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. ছক-২ এ বর্ণিত তীর্থস্থানের গুরুত্ব ধর্মীয় আলোকে বিশ্লেষণ কর। ৪

## ১৫. লেকার্স পাবলিক স্কুল ও কলেজ, রাঙামাটি

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.▶** তপন কঠোর সাধনায় মানুষের দুঃখ মুক্তির উপায় সম্পর্কে জানতে পারেন। তপন তার নবলব্ধ ধর্ম প্রচারের সিদ্ধান্ত নেন। তিনি তার পাঁচ অনুসারীর দীক্ষার মাধ্যমে 'ভিক্ষু সংঘ' প্রতিষ্ঠা করেন। তিনি পথে পথে অনেককে তার কল্যাণ ধর্মে দীক্ষিত করেন।

ক. কী অর্জন করে গৌতম বুদ্ধ হয়েছিলেন? ১
খ. গৌতম বুদ্ধকে তাঁর পাঁচজন শিষ্য ছেড়ে চলে যান কেন? ২
গ. তপনের মধ্যে কোন ব্যক্তির প্রতিচ্ছবি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তপনের কল্যাণ ধর্মটি গৌতম বুদ্ধের আবিষ্কৃত ধর্ম– তোমার মতামতের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

**২.▶** আশু চাকমা সব সময় সত্য কথা বলে। পাড়া-প্রতিবেশী ও আত্মীয় স্বজনদের সাথে ভালো ব্যবহার করে। সে তার গুরুর গুণরাশির গুরুত্ব উপলব্ধি করতে সাধনা করে। তার গুরুর গুণগুলোকে বলা হয় অচিন্তনীয় ও অবর্ণনীয়। সে জানে তার গুরুর গুণাবলীর প্রত্যেকটি স্তর বহুবিধ সমন্বিত ও সমৃদ্ধ।

ক. বোধিসত্ত্বের প্রধান লক্ষ্য কী? ১
খ. বোধিসত্ত্বকে কেন বুদ্ধাঙ্কুর বলা হয়? ২
গ. উদ্দীপকে আশুর গুরু বলতে কাকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত গুরুর গুণাবলির প্রত্যেকটি স্তর বহুবিধ বিষয়ে সমন্বিত ও সমৃদ্ধ' – তোমার উত্তরের সপক্ষে যুক্তিযুক্ত তথ্য উপস্থাপন কর। ৪


**৩.▶** রাজ বনবিহারের প্রধান ভিক্ষু বিহারের ভিক্ষুদের উদ্দেশ্যে বলেন, বৌদ্ধ ভিক্ষু ভিক্ষুণীদের নিত্য পালনীয় নিয়ম কানুন সমৃদ্ধ বিনয় পিটক। বিনয় ছাড়া বুদ্ধ শাসন চলতে পারে না। রাজগৃহের সপ্তপর্ণী গুহায় অনুষ্ঠিত প্রথম সংগীতিতে শিষ্যদের মুখ থেকে সংগৃহীত হয় বিনয় পিটক। ভিক্ষু-ভিক্ষুণীদের নিয়ম-কানুন রক্ষায় বিনয় পিটকের প্রতিটি গ্রন্থ খুবই গুরুত্বপূর্ণ।

ক. বিনয় শব্দের অর্থ কী? ১
খ. 'আইন বা নীতিশাস্ত্র বিষয়ক বইয়ের মধ্যেও এটির স্থান সবার আগে' – ব্যাখ্যা কর। ২
গ. কোন গ্রন্থটি বুদ্ধের জীবনী জানা ও লেখার জন্য খুব প্রয়োজন? এ সম্পর্কে তোমার অভিমত প্রয়োগ কর। ৩
ঘ. বিনয় পিটকের গ্রন্থগুলো সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। ৪

**৪.▶** লেকার্স পাবলিক স্কুল ও কলেজের পরান্টু স্যার তার ছাত্রদের কর্মবাদ সম্পর্কে বলেন, বৌদ্ধধর্মের মূল ভিত্তি কর্মবাদ। বৌদ্ধ দর্শনে বিশেষভাবে এর ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। বৌদ্ধধর্মে কর্মবাদে কর্মকে সুখ, কর্মকে দুঃখ, কর্মকে শত্রু এবং কর্মকে ধর্ম বলা হয়েছে। মানুষ কর্মেরই অধীন। কর্মবাদের ব্যাখ্যাস্বরূপ তিনি মিলিন্দ প্রশ্ন নামক গ্রন্থের উদাহরণ দেন।

ক. বুদ্ধ যে সূত্রে কর্ম সম্পর্কে বিশদ বর্ণনা করেছেন সেটির নাম কী? ১
খ. কুশল কর্ম বলতে কী বুঝ? ২
গ. 'মিলিন্দ প্রশ্ন' পড়ে ছাত্ররা কীভাবে কর্মবাদ সম্পর্কে সম্যক ধারণা লাভ করবে– ব্যাখ্যা কর। ৩
ঘ. কর্মের নানাত্ব হেতু সকল মানুষ সমান হয় না– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৫.▶**





ক. 'নেত্তিপকরণ' গ্রন্থটি কে রচনা করেন? ১
খ. অট্ঠকথাকে প্রাচীন ইতিহাস রচনার গুরুত্বপূর্ণ উৎস হিসেবে গণ্য করা হয় কেন? ২
গ. '?' চিহ্নিত স্থানটি পাঠ্যবইয়ের অট্ঠকথাচার্য কার ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আচার্যের প্রব্রজ্যা লাভ করার কাহিনীটি বর্ণনা কর। ৪

**৬.▶** বন বিহারীর ধর্মশিক্ষা ক্লাসে সুমন চাকমা বুদ্ধের দুই দিকপাল শিষ্য সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন– তথাগত গৌতম বুদ্ধের শিষ্যদের মধ্যে সারিপুত্র ও মৌদগল্যায়ন দু'জন দুই দিকপাল রূপে বিরাজ করতেন। তাঁরা দুজন বুদ্ধের দক্ষিণ ও বাম হস্ত মহাশ্রাবক নামে পরিচিত ছিলেন। এই দুই অগ্রশ্রাবক দীর্ঘকাল বুদ্ধের বাণীপ্রচার করে অমর হয়ে আছেন।

ক. শ্রাবক শব্দের অর্থ কী? ১
খ. সারিপুত্র ও মৌদগল্যায়নের পিতৃমাতৃ পরিচয়সহ সংক্ষিপ্ত পরিচিতি ব্যাখ্যা কর। ২
গ. সারিপুত্র ও মৌদগল্যায়নের কিভাবে বৈরাগ্য ভাবের সঞ্চার হয় -এ প্রসঙ্গে তাদের প্রব্রজ্যা গ্রহণ সম্পর্কে তোমার চিন্তাপ্রসূত মন্তব্য প্রয়োগ কর। ৩
ঘ. সারিপুত্র ও মৌদগল্যায়ন দুইজন দিকপাল রূপে বিরাজ করতনে; বিশ্লেষণ কর। ৪

**৭.▶**




ক. তৃষ্ণা থেকে মুক্ত হওয়ার জন্য কী করতে হয়? ১
খ. কেন জ্ঞানী ব্যক্তির নির্বাণ সাধনা করতে হয়? ব্যাখ্যা কর। ২
গ. সোপাদিসেস নির্বাণ লাভের উপায়সমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে বর্ণিত উভয় প্রকার নির্বাণ সম্পর্কে তোমার ধারণা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৮.▶** ভিক্ষুসঙ্ঘে বৌদ্ধধর্মের প্রচার ও প্রসারের অবদানের কথা বলতে গিয়ে আনন্দ ভিক্ষু সম্রাট অশোক সম্পর্কে ভিক্ষু সংঘে বলেন– কলিঙ্গ যুদ্ধের ভয়াবহতা দেকে মৌর্য সম্রাট অশোক বৌদ্ধধর্মের অনুসারী হন। তার রাজত্বকালে তৃতীয় বৌদ্ধ সংগীতি অনুষ্ঠিত হয়। অশোক তার পুত্র ও কন্যাকে সিংহলে ধর্ম প্রচারের জন্য প্রেরণ করেন। হিউয়েন সাং বাংলাদেশেও সম্রাট অশোকের নির্মিত স্তূপ দেখেছেন বলে তাঁর ভ্রমণ বৃত্তান্তে উল্লেখ করেছেন।

ক. মৌর্য বংশের প্রথম রাজা কে ছিলেন? ১
খ. সম্রাট অশোক কেন বৌদ্ধধর্মের অনুসারী হন বুঝিয়ে লিখ। ২
গ. বৌদ্ধধর্ম ও প্রচার ও প্রসারে সম্রাট অশোকের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. মৌর্য যুগে বৌদ্ধধর্মের অবস্থা সম্পর্কে বিশ্লেষণধর্মী আলোচনা কর। ৪

**৯.▶** পঞ্চভাবনা সাধন ভিক্ষু শ্রামনদের অবশ্য করণীয়। ভিক্ষু শ্রামনরা সকাল-সন্ধ্যা নির্জনে বসে পঞ্চভাবনা অভ্যাস করেন। এর জন্য একাগ্রতা, ধ্যান, সমাধি অপরিহার্য ও গুরুত্বপূর্ণ।

ক. মৈত্রী ভাবনা কী? ১
খ. ভিক্ষু শ্রামনদের পঞ্চভাবনা অপরিহার্য ও গুরুত্বপূর্ণ ব্যাখ্যা কর। ২
গ. ভিক্ষু শ্রামনদের পঞ্চভাবনার সংক্ষিপ্ত ব্যাখ্যা আরোপ কর। ৩
ঘ. ভিক্ষু শ্রামনদের ধ্যান ও সমাধির গুরুত্ব সম্পর্কে আলোচনা কর। ৪

## ১৬. কর্ণফুলী পেপার মিলস্ হাই স্কুল এন্ড কলেজ, কাপ্তাই, রাঙামাটি

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.▶** শুভার্থী সমাজসেবী পরিবারের রূপবতী কন্যা। সে যথাসময়ে শিক্ষা সমাপ্ত করে। তাই শুভার্থীর পিতা তাকে বিবাহ বন্ধনে আবদ্ধ করতে চাইলেন, শিক্ষিত, অশ্ব চালনা ও সকল বিষয়ে পারদর্শী এক যুবকের সাথে বিবাহের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়। তাঁদের সুখের সংসার জীবন বেশি দিন স্থায়ী হয়নি বরং শুভার্থীর স্বামীর মনের বাসনা পূরণের জন্য বৈরাগ্য জীবন গ্রহণের লক্ষ্যে চলে গেলেন এবং পরম জ্ঞান লাভে ব্রতী হন।

ক. রাণী মহামায় কোন পূর্ণিমায় স্বপ্ন দেখলেন? ১
খ. মহর্ষি কাল দেবল রাজকুমারকে দেখে প্রথমে খুশি হয়ে পরে কেঁদে ফেললেন কেন? ২
গ. উদ্দীপকের ঘটনাটির সাথে পাঠ্যবইয়ের কোন ঘটনার তুলনা করা হয়েছে- ব্যাখ্যা কর। ৩
ঘ. শুভার্থীর স্বামী তাঁর মনের বাসনা পূরণে গৌতম বুদ্ধকে কীভাবে অনুসরণ করেন, তা ধর্মীয় আলোকে বিশ্লেষণকর। ৪

**২.▶**

| ছক -১ | ছক -২ |
|---|---|
| → নিকায়ে ৩৪ টি সূত্র আছে। | → ধাতু কথা |
| → নিকায়ে ৫৬টি গুচ্ছ আছে। | → কথাবথু |
| → নিকায়ে ২০৪৮টি সূত্র আছে। | → যমক |

ক. চুল্লবর্গের অপর নাম কি? ১
খ. ত্রিপিটক পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
গ. ১ম ছকের ইঙ্গিত দ্বারা কোন পিটক নির্দেশ করছে তা পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ২য় ছকের বর্ণিত পিটকটিতে বৌদ্ধ দর্শন ও পরামার্থ সত্য বিশ্লেষণ করা হয়েছে– তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তি প্রদর্শন কর। ৪

**৩.▶** সঞ্জয় বড়ুয়া দশম শ্রেণির মেধাবি ছাত্র। সে পিতামাতার একমাত্র সন্তান, হঠাৎ সে গাড়ি দুর্ঘটনায় মৃত্যুবরণ করার পর তাদের বাড়িতে বিভিন্ন ধরনের অশুভ আভাস পরিলক্ষিত হয়।

ক. বৈশারী বর্তমানে কী নামে পরচিত? ১
খ. সূত্র পাঠ করার উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. উল্লেখিত ঘটনার বিষয় কোন সূত্রের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত সূত্র পাঠ ব্যাতিরেকে পরিস্থিতি নিরসন সম্ভব নয়– আলোচনা কর। ৪


**৪.▶** তংচংগ্যা পাড়ার দুই প্রতিবেশী পাশাপাশি বাস করেন। তাঁদের মধ্যে সুদীপ্ত চাকমার পরিবার শান্ত ও ভদ্র। যশ গৌরব, সম্মান, শ্রদ্ধা ও পূজা পাওয়ার লোকদের তাঁরা ঈর্ষা করেন না। বিহারে ও বাড়িতে ভিক্ষুদের আমন্ত্রণ করে খাদ্য পানীয় ও নিত্যব্যবহার্য জিনিপত্রে সামর্থ অনুসারে দান করে। তাই অন্য পরিবারের সদস্যা হিংসা ও আক্রোশমূলক কথাবার্তা বলে তাঁদের বিরক্তি ঘটায়।

ক. 'সঙ্গীতি সূত্রে' কর্মের ফল বিবেচনায় কর্মের বিধান কয় ভাগে ভাগ করা যায়? ১
খ. দেবদত্তকে নরক যন্ত্রনা ভোগ করতে হয়েছে কেন? সংক্ষেপে বর্ণনা কর। ২
গ. সুদীপ্ত চাকমার পরিবারের কর্মকাণ্ডগুলো কোন সূত্রের সাথে মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দুই পরিবারের আচরণে পারিবারিক ও সামাজিকভাবে কী প্রভাব ফেলবে? ধর্মীয় দৃষ্টিতে বিচার বিশ্লেষণ কর। ৪

**৫.▶** অনিল চাকমা একজন অবসর প্রাপ্ত কর্মকর্তা ছিলেন। গৃহী জীবনে বিভিন্ন ধর্মীয় পুস্তক পড়ে বুদ্ধের সুত্ত, বিনয় ও ধর্মনীতি বিষয়ে বিশদভাবে বুঝতে পারলেন। তাই তিনি সংসারের মায়া ত্যাগ করে বিহারের ভন্তের নিকট প্রবজ্জিত হলেন প্রথমে তিনি ধর্ম প্রত্যক্ষ করে তৃষ্ণার ক্ষয়,রাগ-দ্বেষ-মোহ নির্বাপিত করা, জন্ম-মৃত্যুর প্রবাহ রোধ ইত্যাদি বিষয়ে জ্ঞান অর্জন করেন, শ্রমন থেকে ভিক্ষুকের উপনীত হয়ে তিনি ত্রিপিটক গ্রন্থের জ্ঞান সাধনার মাধ্যমে 'নির্বানং রিমং সুখং" এই বাণীটি বুঝতে সক্ষম হলেন।

ক. তৃষ্ণা থেকে কী উৎপত্তি হয়? ১
খ. আর্য অষ্টাঙ্গিক মার্গ অনুসরণ করতে হয় কেন? সংক্ষেপে ব্যাখ্যা কর। ২
গ. অনিল চাকমা শ্রমন অবস্থায় বুদ্ধের কোন তত্ত্ব বুঝতে পারলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ভিক্ষুত্ব লাভের পর অনিল চাকমার অর্জিত শিক্ষা পাঠ্যপুস্তকের আলোচনা কর। ৪

**৬.▶**




ক. গুরুত্ব বিচারে অটঠকথাকে কয় ভাগে ভাগ করা যায়? ১
খ. অটঠকথা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. '?' চিহ্নিত স্থানে পাঠ্য বইয়ের অটঠকথাচার্য কার ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত আচার্য বৌদ্ধ ধর্মের সাহিত্য কর্মে অশেষ অবদান রাখতে সক্ষম হয় - তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

**৭.▶** বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশনে সভাপতিত্ব করেন মাননীয় স্পীকার। জনগণের কল্যাণে ও এলাকার উন্নয়নে নির্বাচিত মাননীয় সংসদ সদস্যরা সংসদ অধিবেশনে বিভিন্ন সমস্যা উত্থাপন করেন এবং তা যাচাই বাছাইয়ের মাধ্যমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও বাতিল এবং সংশোধন করেন। পরিশেষে তা আইনে পরিণত হয়।

ক. কথাবথু গ্রন্থটি কে রচনা করেন? ১
খ. ধর্মমহাপাত্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জাতীয় সংসদে আইন প্রণয়নের বিষয়টি পাঠ্য- বইয়ের কোন কর্মকাণ্ডের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কর্মকাণ্ডের ধর্মীয় গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**৮.▶** সৌরভ চাকমা বৃদ্ধ মা বাবার দেখাশুনা ও সেবা শুশ্রুষা করেন। বন থেকে কাঠ কেটে এনে বাজারে বিক্রি করে পরিবারের ভরণ পোষণ করতেন। একদিন বাবা বললেন, 'লোভের বশবর্তী হয়ে তুমি গভীর বনে যাবে না। সেখানে গেলে কেউ জীবন নিয়ে ফিরে আসে না।' তবুও প্রচুর কাঠ সংগ্রহের আশায় সে গভীর বনে প্রবেশ করলে বিষধর সাপের কামড়ে তাঁর মৃত্যু হয়।

ক. জাতক কী? ১
খ. রাগা ব্রহ্মদত্ত সমস্ত বন্দীকে মুক্তি দিল কেন? ২
গ. সৌরভ চাকমার সাথে জাতকে কার চরিত্রের ইঙ্গিত পাওয়া যায় ব্যাখ্যা কর। ৩
ঘ. সৌরভ চাকমার সাথে জাতকে সৌরভের বাবার উপদেশ যুক্তি সংগত কথাটি বিশ্লেষণ কর। ৪

**৯.▶** রাঙ্গামাটির বনরূপার পৌর মেয়র সত্যবাদিতা ও দানশীলতায় অতুলনীয় ছিলেন। সকল ধর্মীয় অনুষ্ঠান ও সকল ধর্মের প্রতি তার শ্রদ্ধা ছিল। তিনি উদার মনে দান দিতে পছন্দ করতেন। তাঁর এলাকায় গরীব দুঃখীরা কোন অবস্থায় আছেন, তাঁদের খোজ খবর নিতেন এবং সমস্যা সমাধানে সচেষ্ট হতেন।

ক. মৌর্য বংশের প্রথম রাজাকে ছিলেন? ১
খ. অজাত শত্রু পিতাকে হত্যা করে অনুতপ্ত হলেন কেন? ২
গ. মেয়র সুদর্শন চৌধুরীর সাথে বুদ্ধের সময়কালের কোন রাজার চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে উঠেছে- ব্যাখ্যা কর। ৩
ঘ. রাঙ্গামাটি বনরূপার মেয়র সুদর্শন চৌধুরীর কর্মকাণ্ডের উদ্দেশ্যে বুদ্ধের কল্যাণকর রাণীর প্রতি এলাকাবাসীর আকৃষ্ট করা'– উক্তিটির যথার্থতা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

## ১৭. খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়

বিষয় কোড : ১ ১ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.▶** সবিতা তার বাবার একমাত্র মেয়ে। সে সুশিক্ষিতা, সুন্দরী ও গুণবতী। সবিতার বাবা তার বিয়ে ঠিক করেন। সবিতার পানিপ্রার্থী সজল অশ্বচালনা, ধনুর্বান, অসিচালনা প্রভৃতি বিষয়ে পারদর্শিতার প্রমাণ দেয়। সময়মত তাদের বিয়ে হয়। ভিন্ন ভিন্ন ঋতু উপযোগী প্রাসাদে আনন্দে তাদের দিনগুলো কাটতে লাগল।

ক. সিদ্ধার্থ কত বছর বয়সে গৃহ ত্যাগ করেন? ১

খ. কপিলাবস্তু রাজ্য সম্পর্কে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে যে রমনীর জীবনীর তুলনা করা যায় তা বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকের সজলের মধ্যে সিদ্ধার্থের প্রতিচ্ছবি ফুটে উঠেছে-উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** সুব্রত বাবা তাকে একটি বই উপহার দেন। বইটির নাম ছিল "জন্মকথা" বইটিতে আটাশজন মনীষীর সম্পর্কে আলোচনা করা হয়েছে। সে জানতে পারে যে, একজন মনীষীর পর অন্য মনীষীর আগমনের মধ্যে হাজার হাজার বছর সময়ের পার্থক্য ছিল। সে আরও জানতে পারে যে, আটাশজন মনীষীর শেষ মনীষী খ্রিষ্টপূর্ব ষষ্ঠ শতকে আবির্ভূত হয়েছিলেন।

ক. বুদ্ধ কয় প্রকার? ১

খ. শ্রাবক বোধিসত্ত্ব বলতে কী বোঝ?— ব্যাখ্যা কর। ২

গ. সুব্রত পঠিত "জন্মকথা" গ্রন্থটির সাথে বৌদ্ধ সাহিত্যের কোন গ্রন্থের সাদৃশ্য আছে? তা বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শেষ মনীষী গৌতম বুদ্ধ– যৌক্তিক তথ্য দ্বারা প্রমাণ কর। ৪

**৩.▶** একজন বিশিষ্ট মনীষীর ধর্ম-দর্শনই স্বদেশের ধর্মীয় গ্রন্থের মূল উপজীব্য বিষয়। গ্রন্থটির পাথে ভারতবর্ষের প্রাচীন ইতিহাস জানা যায়। এটি দুঃখহীন নৈর্বানিক পথে পরিচালিত করে। ব্যক্তি, পরিবার ও সমাজ জীবন সুখের হয়।

ক. সুত্ত পিটকে কয়টি গ্রন্থ? ১

খ. বিনয় পিটক কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন গ্রন্থটিকে নির্দেশ করা হয়েছে? বিশ্লেষণ কর। ৩

ঘ. ত্রিপিটক পাঠের প্রয়োজনীয়তা সম্পর্কে বর্ণনা কর। ৪

**৪.▶** শিউলি চাকমা দশম শ্রেণিতে পড়ে। সে অত্যন্ত মেধাবী। শিউলি তার মা-বাবার একমাত্র সন্তান। হঠাৎ সে গাড়ি দুর্ঘটনায় মৃত্যুবরণ করার পর তাদের বাড়িতে বিভিন্ন ধরনের অশুভ আভাস পরিলক্ষিত হয়।

ক. সূত্র ও নীতিগাথা কী? ১

খ. সূত্র পাঠ করার উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার বিষয় কোন সূত্রের ইঙ্গিত করে? বিশ্লেষণ কর। ৩

ঘ. "উক্ত সূত্র পাঠ ব্যতিরেকে পরিস্থিতি সম্ভব নয়"-আলোচনা কর। ৪

**৫.▶** শ্যামল একবার পরীক্ষার ফলাফল খারাপ করে। এর কারণ, সে পরীক্ষার আগে ঠিকমত পড়ালেখা করেনি। তার বাবা তাকে বলেন, মানুষ যেমন কর্ম করে, তেমন ফল পায়। এরপর শ্যামল ঠিকমত পড়ালেখা করে পরীক্ষায় ভালো ফল লাভ করে। কর্ম ফলের ব্যাখ্যা দিতে গিয়ে শ্যামল বাবার বিভিন্ন ঐতিহাসিক ঘটনার অবতারণা করেন।

ক. করণীয় অনুসারে কর্ম কত প্রকার। ১

খ. কর্মবাদ বলতে কী বোঝায়? তা ব্যাখ্যা কর। ২

গ. কীভাবে শ্যামল পরীক্ষায় ভালো ফলাফল করতে সক্ষম হয়-উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. কর্মফলের ব্যাখ্যাস্বরূপ পাঠ্যবইয়ের ঐতিহাসিক ঘটনা নিয়ে একটি নাতিদীর্ঘ রচনা লেখ। ৪

**৬.▶** দীপক বড়ুয়া একজন সাধারণ বৌদ্ধ ধর্মাবলম্বী। সে বুদ্ধের বাণী সংবলিত বিভিন্ন গ্রন্থ পাঠ করে নির্বাণ সম্পর্কে জ্ঞানলাভ করে। কিন্তু সে বুঝতে পারে না নির্বাণ সুখ কেমন। এজন্য সে বুদ্ধ নির্দেশিত পথ অনুসরণ করে নির্বাণ লাভের জন্য একাগ্র হয় এবং শেষ পর্যন্ত বুদ্ধের নির্দেশ যথাযথভাবে পালনের মাধ্যমে নির্বাণ লাভ করতে সক্ষম হয়।

ক. নির্বাণ করত প্রকার? ১

খ. নির্বাণ বলতে কী বোঝায়?-ব্যাখ্যা কর। ২

গ. দীপক বড়ুয়া কীভাবে নির্বাণ সুখ সম্পর্কে বুঝতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নির্বাণ সাধনার প্রয়োজনীয়তা সম্পর্কে বর্ণনা কর। ৪

**৭.▶** অজয় দশম শ্রেণীর ছাত্র। প্রায় সময় সে বৌদ্ধধর্মের পড়তে থাকে। সে তার পাঠ্য থেকে জানতে পারে গৌতম বুদ্ধ মহাপরিনির্বাণের পর বুদ্ধের বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা বাণীসমূহ পরবর্তীতে একত্রে সংকলন করা হয়।

ক. ভিন্ন ভিন্ন স্থানে কয়টি সংগীত অনুষ্ঠিত হয়েছিল? ১

খ. প্রথম সংগীতি আহ্বান করার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দিপকে যে বিষয় সম্পর্কে আলোচিত হয়েছে-তা বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দিপকে আলোচিত সংগীতির গুরুত্ব পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৮.▶** সুশীল বাবু একজন বৌদ্ধধর্মের লোক। তিনি প্রতিদিন বিহার এবং পঞ্চম শীল রক্ষা করে থাকেন। যথারীতি উপোসমত্ত পালন করেন। যথা ধর্ম রাজ্য শাসনে মনোযোগী ছিলেন এবং অন্যদের ধর্মপথে চলার সৎ উপদেশ দিয়ে থাকেন। নিজ নিজ কাজ সম্পাদন ও ব্যবসা-বাণিজ্য সাধুভাবে পরিচালনা করতে উপদেশ দেন।

ক. বুদ্ধ শব্দের অর্থ কী? ১

খ. বোধিসত্ত্ব হিমালয়ে চলে গেলেন কেন?-ব্যাখ্যা কর। ২

গ. সুশীল বাবুর সাথে জাতকের কার চরিত্রের ইঙ্গিত পাওয়া যায়? বিশ্লেষণ কর। ৩

ঘ. পাঠ্যপুস্তকের আলোকে দশবিধ কর্তব্য বিশ্লেষণ কর। ৪

## ১৮. বি.এ.এফ শাহীন কলেজ, শমশেরনগর, মৌলভীবাজার

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** পূর্ণমান — ৬০

**১.▶** প্রণব কঠোর সাধনায় মানুষের দুঃখ মুক্তির উপায় সম্পর্কে জানতে পারেন। প্রণব তার নবলব্ধ ধর্ম প্রচারের সিদ্ধান্ত নেন। তিনি তার পাঁচ অনুসারীকে দীক্ষার মাধ্যমে 'ভিক্ষু সংঘ' প্রতিষ্ঠা করেন। তিনি পথে পথে অনেককে তাঁর কল্যাণ ধর্মে দীক্ষিত করেন। তিনি একজন ধার্মিক নরপতির করণীয় বিষয়ে সচেতন করেন।

ক. বোধি শব্দের অর্থ কী? ১

খ. গৌতম বুদ্ধকে তাঁর পাঁচজন শিষ্য ছেড়ে চলে যান কেন? ২

গ. প্রণবের মধ্যে কোন ব্যক্তির প্রতিচ্ছবি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রণবের কল্যাণ ধর্মটি গৌতম বুদ্ধের আবিষ্কৃত ধর্ম তোমার মতামতের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

**২.▶** একজন বিশিষ্ট মনীষীর ধর্ম দর্শনই স্বদেশের ধর্মীয় গ্রন্থের মূল উপজীব্য বিষয়। গ্রন্থটি পাঠে ভারতবর্ষের প্রাচীন ইতিহাস জানা যায়। এটি দুঃখহীন নৈর্বাণিক পথে পরিচালিত করে। ব্যক্তি, পরিবার ও সমাজ জীবন সুখের হয়।

ক. ধর্মভাণ্ডারিক কাকে বলা হতো? ১

খ. দীর্ঘ নিকায় সম্পর্কে যা জান লিখ। ২

গ. উদ্দীপকে কোন গ্রন্থটিকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত গ্রন্থটি পাঠের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

**৩.▶** ত্রিদিব একটি সূত্র পাঠ করে। এ সূত্রটিকে ত্রিরত্ন সূত্র বলা হয়। সে মনে করে এটি তাকে সকল প্রকার অশুভ কর্ম থেকে বিরত ও সংযম রাখবে। সকল প্রকার কামনা-বাসনা, লোভ, দ্বেষ, মোহ থেকে নিজেকে রক্ষা করতে পারবে। সে তার পরিবারের অন্য সদস্যদের সূত্রটি শিখতে সাহায্য করে।

ক. ত্রিরত্ন সূত্র বলতে কী বুঝ? ১

খ. ত্রিরত্ন সূত্রের সাথে কোন সূত্রের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. ত্রিদিব কোন সূত্রটি পাঠ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ত্রিদিব যে সূত্রটি পাঠ করে তার প্রভাব ও গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**৪.▶** পার্থ একবার পরীক্ষায় খারাপ ফলাফল করে। এর কারণ হিসাবে দেখায় পরীক্ষার আগে সে ঠিকমতো লেখাপড়া করেনি। তার বাবা তাকে বলেন, মানুষ যেমন কর্ম করে তেমন ফল পায়। এরপর পরবর্তী পরীক্ষায় সে ঠিকমত লেখাপড়া করে এবং ভালো ফল করে। কর্মফলের ব্যাখ্যা দিতে গিয়ে পার্থর বাবা বিভিন্ন ঐতিহাসিক ঘটনার অবতারণা করেন।


ক. করণীয় অনুসারে কর্ম কত প্রকার? ১

খ. কর্মবাদ বলতে কী বোঝায়? ২

গ. কীভাবে পার্থ পরীক্ষায় ভালো ফলাফল করতে সক্ষম হয়– উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. কর্মের নানাত্ব হেতু সকল মানুষ সমান হয় না। উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৫.▶**




ক. গুরুর বিচারে অটঠকথাকে কয়ভাগে ভাগ করা হয়? ১

খ. অটঠকথা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. '?' চিহ্নিত স্থানে বইয়ের অটঠকথাচার্য কার ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত আচার্য বৌদ্ধধর্মের সাহিত্য কর্মে অশেষ অবদান রাখতে সক্ষম হন' – তুমি কি বক্তব্যের সাথে একমত? যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

**৬.▶** পার্থের জীবন আরামেই কাটছিল। হঠাৎ সে কঠিন রোগে আক্রান্ত হয় এবং বিভিন্ন প্রকার দুঃখ পেতে থাকে। এমতাবস্থায় এ দুঃখ ব্যাধি থেকে সে মুক্তির উপায় খোঁজে। তখন একজন ভিক্ষু তাকে নির্বাণ সাধনা সম্পর্কে ধারণা প্রদান করে। অতঃপর সে এ দুঃখ থেকে মুক্তি পাওয়ার জন্য নির্বাণ সাধনায় মনোনিবেশের প্রতিক্ষা করে এবং সুস্থ হয়ে নির্বাণ সাধনায় একাগ্র হয়।

ক. 'নির্বাণং পরমাং সুখং' কথাটির অর্থ কী? ১

খ. নির্বাণ বলতে কী বোঝ? ২

গ. পার্থ কীভাবে নির্বাণ লাভ করতে পারবে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. পাঠ্যবইয়ের আলোকে নির্বাণ সাধনার প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

**৭.▶** অমল বড়ুয়া পঞ্চশীল রক্ষা করতেন। যথারীতি উপোসথ পালন করতেন। যথাধর্ম রাজ্য শাসনে মনোযোগী ছিলেন। সকলকে ধর্মপথে চলতে, সাধুভাবে নিজ নিজ কর্ম সম্পাদনে ও ব্যবসা বাণিজ্য পরিচালনা করতে সর্বদা উপদেশ দিতেন।

ক. রাজা জনসন্ধ কখন উপোসথ ব্রত গ্রহণ করেন? ১

খ. জাতককে প্রাচীন ইতিহাসের অনন্য উৎস বলা হয় কেন? ২

গ. অমর বড়ুয়ার সঙ্গে জাতকে কার চরিত্রের ইঙ্গিত পাওয়া যায়? ৩

ঘ. পাঠ্যপুস্তকের আলোকে দশবিধ কর্তব্য বিশ্লেষণ কর। ৪

**৮.▶** মাহালী বড়ুয়া কর্মফলে বিশ্বাসী একজন লোক। তার মতে ভালো বা মন্দ কর্মের দ্বারা মানুষের কর্মফল নির্বাচিত হয়। ভালো কাজ করলে এর সুফল ভোগ করা যায়। কিন্তু খারাপ কর্মের জন্য জীবনে শাস্তি ভোগ করতে হয়। তাই তিনি বলেন, কারো দ্বারা প্ররোচিত হয়ে কখনোই কোনো মন্দকাজ করা উচিত নয়।

ক. ছোটকাল থেকে কে অত্যন্ত উদার প্রকৃতির ছিলেন? ১

খ. মৌদগল্যায়নকে কেন কোলিত নামে ডাকা হতো? ২

গ. উদ্দীপকে উল্লিখিত চরিত্রর বক্তব্য দ্বারা চরিতমালায় বর্ণিত কোন চরিত্রের কাহিনী নির্দেশিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভালো বা মন্দকর্মের দ্বারা মানুষের কর্মফল নির্ধারিত হয়– উক্তিটি পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.▶** নবম শ্রেণীর বৌদ্ধ ধর্মের শিক্ষক নিহার চাকমা তার ছাত্র/ছাত্রীদেরকে কতগুলো নিত্যকরণীয় বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ করে বলেন, মানুষ সহজেই তৃষ্ণার জালে আবদ্ধ হয়। মানুষ চিত্তকে সংযত না করতে পারলে তৃষ্ণা হতে মুক্তিলাভ করতে পারবে না। আর মানব জাতিকে তৃষ্ণা থেকে মুক্ত করার জন্য গৌতম বুদ্ধ দুটি স্তরের কথা বলেছেন।

ক. 'সেখিয়া' অর্থ কী? ১

খ. মুদিতা ভাবনা বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে মানব চিত্তের যে তৃষ্ণার কথা বলা হয়েছে তা থেকে মুক্তির প্রথম স্তর কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. বুদ্ধ নির্দেশিত তৃষ্ণা থেকে মুক্তির দ্বিতীয় স্তরের প্রভাব বিশ্লেষণ কর। ৪